১০৫	এফটিআইপি বাউ গোলআলু -৪ (কালো লম্বাটে)	২০২০	১৮-২২	ক. এটি একটি আলো চর্মযুক্ত লম্বাটে আলুর জাত । খ. ফ্লেশ গোলাপি ও লালচে রং বিশিষ্ট । গ. মধ্যম থেকে বড় আকারের আলু । ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন ।

ক্রমিক নং	জাতের নাম	অবমুক্ত সন	ফলন (টন/হেক্টর)	বৈশিষ্ট্য
১০৬	এফটিআইপি বাউ গোলআলু -৫ (লালচে লম্বাটে)	২০২০	২২-২৮	ক. এটি একটি লালচে চর্মযুক্ত জাত। খ. বোঁটা থেকে লম্বালম্বি সাদাটে অংশসহ লাল ফ্লেশযুক্ত। গ. ডিম্বাকৃতি বিশিষ্ট। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন।
১০৭	এফটিআইপি বাউ গোলআলু - ৬ (কালচে- লাল লম্বাটে)	২০২০	২৬-৩৩	ক. এটি একটি কালচে-লাল চর্মযুক্ত জাত। খ. এ জাতের গোল আলুর নিচের দিকে কিনাড়া বরাবর দিকে লাচেট আভাসহ গোলাপি সাদা ফ্লেশযুক্ত। গ. লম্বাটে আকৃতির। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন।
১০৮	এফটিআইপি বাউ গোলআলু -৭ (হলদে লাল ডিম্বাকার)	২০২০	২৩-২৭	ক. এটি একটি হলদে লাল চর্মযুক্ত জাত। খ. মাঝা-মাঝি কটলে হলদে আভাযুক্ত ফ্লেশ। গ. বড় আকৃতির বিশিষ্ট ডিম্বাকৃতি আলু। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন।
১০৯	বাউ ইয়াম-১ (পেস্তাআলু)	২০২০	৫০-৬০	ক. কাণ্ড গোল, এবং বামদিকে প্যাঁচিয়ে বেড়ে ওঠে। খ. পাতা অপেক্ষাকৃত বড় এবং হাট আকৃতির। পাতার কক্ষে টেনিস বল আকারের মসৃণ বুলবিল উৎপন্ন হয়। গ. মাটির নিচে সাধারণত ছোট আকৃতির টিউবার উৎপন্ন হয়। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন। ঙ. হেক্টরপ্রতি ফলন ৫০-৬০ টন বুলবিল উৎপন্ন হয়।
১১০	বাউ ইয়াম-২ (মেটেআলু)	২০২০	৮০-১০০	ক. সর্বাধিক চাষকৃত এবং উচ্চফলনশীল জাত। খ. কাণ্ড খাজকাটা এবং ডানদিকে প্যাঁচিয়ে বেড়ে ওঠে। পত্রবৃন্তে উইং থাকে। গ. টিউবার/কন্দ ও বুলবিল দুটোই হয়। মূলত টিউবার সবজি হিসাবে খাওয়া হয়। তবে বুলবিল ও খাওয়া যায়, পোড়ায় বা সবজি হিসাবে। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন ও সুস্বাদু। ঙ. গাছ প্রতি টিউবার ১০-২০ কেজি। টিউবার ফলন ৮০-১০০টন প্রতি হেক্টরে। চ. বুলবিলের ফলন ৫-১০ টন প্রতি হেক্টরে।
১১১.	বাউ ইয়াম-৩ (পাহাড়ী ধূসর আলু)	২০২০	৬০-৭০	ক. এটি একটি লতানো গাছ, কাণ্ড ডানদিকে প্যাঁচিয়ে ওঠে এবং সাধারণত পাহাড়ি এলাকায় এই আলুর চাষ বেশি হয়। খ. বুলবিল ও টিউবার/কন্দ দুটোই হয়। মূলত মাটির নিচে ৫০- ৫৮ সেমি লম্বা টিউবার হয়। আলুর রং হলুদ, পাতলা চামড়া এবং খেতে সুস্বাদু। গ. বুলবিল সাধারণত অসমান গোলাকৃতি এবং ভেতরটা হালকা হলুদ রঙের হয়। বুলবিল পোড়ায় খাওয়া যায়। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন। ঙ. হেক্টরপ্রতি ফলন টিউবার ৬০-৭০ টন। বুলবিল ৩-৫ টন।
১১২.	বাউ ইয়াম-৪ (ছাগল দুধ আলু)	২০২০	৮০-১০০	ক. এটি একটি লতানো, দ্রুতবর্ধনশীল, কাঁটারবিহীন উদ্ভিদ। খ. কাণ্ড খাজকাটা এবং ডানদিকে প্যাঁচিয়ে বেড়ে ওঠে। পত্রবৃন্তে উইং থাকে। গ. টিউবার/কন্দ হয় কিন্তু বুলবিল অনুপস্থিত। টিউবার গোল লম্বাটে আকৃতির, মাংশল অংশ দুধের মতো সাদা, কিছুটা মিষ্টি এবং খুবই সুস্বাদু। মূলত টিউবার সবজি হিসাবে মাছ, মাংস, ভর্তা করে খাওয়া যায়।

ক্রমিক নং	জাতের নাম	অবমুক্ত সন	ফলন (টন/হেক্টর)	বৈশিষ্ট্য
				ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন ও সুস্বাদু। ঙ. গাছ প্রতি টিউবার ১০-২০ কেজি। টিউবার ফলন ৮০-১০০টন প্রতি হেক্টরে।
১১৩.	বাউ ইয়াম-৫ (মৌ আলু)	২০২০	৬০-১০০	ক. কাণ্ড গোল, সরু কাটাময় এবং বামদিকে প্যাঁচিয়ে বেড়ে ওঠে। এটি গ্রামবাংলায় খুবই জনপ্রিয় ও সর্বত্র চাষযোগ্য মেটে আলু খ. উদ্ভিদ সাধারণত লম্বায় ৭-১০ ফিটের বেশি হয় না। বুলবিল অনুপস্থিত। গ. মাটির নিচে ছোট আকৃতির অনেক টিউবার/কন্দ গুচ্ছাকারে উৎপন্ন হয়। ভেতরের মাংসল সাদা, পিচ্ছিল এবং চামড়া পাতলা সোনালি রঙের। ঘ. উচ্চফলনশীল এবং অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন ও খুবই সুস্বাদু। ঙ. ফলন টিউবার ৬০-১০০ টন।
১১৪.	বাউ কলা -১ (কুলপাত কলা)	২০২০	৭০-১১০	ক. সুস্বাদু কলা। খ. কলার দানা বড় এবং একক কলা ৩০-৫০ গ্রাম। গ. বীজবিহীন। ঘ. মিষ্টতা ১৫-১৮ (TSS)। ঙ. হেক্টরপ্রতি ফলন ৭০-১১০ টন। চ. চামড়া খুবই পাতলা।
১১৫.	বাউ কলা-২ (গেরাসুন্দরী)	২০২০	৬০-৮০	ক. উচ্চফলনশীল, রোগ বালাইসহিষ্ণু জাত। খ. গাছ লম্বা হয়। গ. প্রতি ছড়ি কলার ওজন ২০-২৫ কেজি। ঘ. প্রতি হেক্টর ফল ৬০-৮০ টন। ঙ. ২/১টি বীজ থাকে। চ. প্রতিটি কলার ওজন ৮০-১২০ গ্রাম।
১১৬.	বাউ কলা -৩ (অগ্নিশ্বর)	২০২১	৫০-৬০	ক. সুস্বাদু কলা। খ. কলার রং লাল এবং একক কলার ওজন ৩০-৫০ গ্রাম। গ. বীজ বিহীন। ঘ. মিষ্টতা ১৭-১৮ (TSS)। ঙ. হেক্টর প্রতি ফলন ৫০-৬০ টন। চ. চামড়া খুবই পাতলা।
১১৭.	বাউ কলা-৪ (জাতকলা)	২০২১	৬০-৮০	ক. উচ্চফলনশীল, রোগ বালাইসহিষ্ণু জাত। খ. গাছ লম্বা হয়। গ. প্রতি ছড়ি কলার ওজন ২০-২৫ কেজি। ঘ. প্রতি হেক্টর ফল ৬০-৮০ টন। ঙ. মাঝে মধ্যে ২/১টি বীজ থাকে। চ. প্রতিটি কলার ওজন ৮০-১২০ গ্রাম।
১১৮.	বাউ কলা-৫ (মস্তকবিহীন)	২০২১	৫০-৬০	ক. উচ্চফলনশীল, রোগ বালাইসহিষ্ণু জাত। খ. কলার মোচা ছাড়া ফল হয়। গ. প্রতি ছড়ি কলার ওজন ১৫-২০ কেজি। ঘ. প্রতি হেক্টর ফল ৫০-৬০ টন। ঙ. বীজবিহীন কলা। চ. প্রতিটি কলার ওজন ৮০-১২০ গ্রাম।

ক্রমিক নং	জাতের নাম	অবমুক্ত সন	ফলন (টন/হেক্টর)	বৈশিষ্ট্য
১১৯	বাউ কচু-১ (পঞ্চমুখী কচু)	২০২১	৪০-৫০	ক. উচ্চফলনশীল ৪০-৫০ টন প্রতি হেক্টরে। খ. গালে ধরে না। গ. প্রসেসিংয়ের জন্য উপযুক্ত জাত। ঘ. রোগবালাই কম। ঙ. পাহাড় ও সমতল ভূমিতে জন্মানোর উপযোগী। চ. যত্ন কম লাগে।
১২০	বাউ কচু-২ (পইডনাল কচু)	২০২১	৩৫-৫০	ক. উচ্চফলনশীল ৩৫-৫০ টন/হেক্টরে খ. গালে ধরে না। গ. সবজি হিসাবে খবুই সুস্বাদু। ঘ. পাতা ও করম খাওয়া যায়। ঙ. রোগ বালাই কম।
১২১	বাউ ওলকচু-১	২০২১	৪০-৬০	ক. উচ্চফলনশীল ৪০-৬০ টন/হেক্টরে। খ. গাল চুলকায় না। গ. বেশি যত্ন লাগে না। ঘ. অমৌসুমে সবজি সরবরাহ হয়। ঙ. পাতাও সবজি হিসাবে খাওয়া হয়। চ. লবণ মাটিতে জন্মায়।
১২২	বাউ মানকচু-১	২০২১	২৫-৩৫	ক. উচ্চফলনশীল ২৫-৩৫ টন/হেক্টরে। খ. গাল চুলকায় না। গ. লবণাক্ততা সহ্য করতে পারে। ঘ. পাহাড়ি, লবণাক্ত ও সমতলভূমিতে চাষযোগ্য।
১২৩	বাউ সালাদ কচু	২০২১	৩০-৪০	ক. পাতা ও করম সরাসরি বা রান্না করে খাওয়া যায়। খ. গলা চুলকায় না। গ. উচ্চফলনশীল ও অ্যান্টিঅক্সিডেন্ট সম্পন্ন। ঘ. ফলন ৩০-৪০ টন/হেক্টরে।
১২৪	বাউ মাল্টা-৩	২০২১	৪০-৫০	ক. বাউ মাল্টা-৩ অত্যন্ত ভালো একটি মাল্টার জাত। খ. মিষ্টতা- (TSS. ১৯-২২) ও রসালো। গ. গড় ফলের ওজন ৩৫০ গ্রাম। ঘ. হেক্টরপ্রতি ফলন ৪০-৫০ টন। ঙ. রোপণের ১ বছরের মধ্যে ফলন। চ. ছাদ বাগানের জন্য উপযোগী।
১২৫	বাউ বিলাতি গাব-২	২০২১	৩০-৪০	ক. সম্পূর্ণ বীজবিহীন। খ. ওজন ৩০০-৫০০ গ্রাম। গ. মিষ্টতা ১৫-১৭ (TSS) ঘ. ফলন ৩০-৪০ টন/হেক্টরে।
১২৬	বাউ পেঁয়াজ-১ (গ্রীষ্মকালীন)	২০২১	২০-৩০	ক. এককোষী বাস্ক। খ. ড্রাই মিটার হাই। গ. সংরক্ষণ গুণ ভালো (৯ মাস পর্যন্ত)। ঘ. উচ্চ ফলনশীল (২০-৩০ টন/হেক্টরে)। ঙ. উচ্চ বাঁজ সম্পন্ন।
১২৭	বাউ পেঁয়াজ-২ (শীতকালীন)	২০২১	২৫-৩০	ক. এককোষী বাস্ক। খ. রং লালচে। গ. মাঝারি মাত্রার বাঁজালো, গ্রীষ্মকালীন পেঁয়াজ। ঘ. সংরক্ষণ গুণাগুণ ভালো। ঙ. ফলন ২৫-৪০ টন/হেক্টরে।



জাতীয় বীজ বোর্ড কর্তৃক নিবন্ধিত জাতের তথ্য (হাইব্রিড)

বিস্তারিত জানতে : [www.sca.gov.bd](http://www.sca.gov.bd)

নতুন উদ্ভাবিত ও অবমুক্ত জাতের তথ্য (ইনব্রিড)

প্রতিষ্ঠানের নাম	উদ্ভাবিত ও অবমুক্ত জাতের সংখ্যা	জাতের নাম	জাতের বৈশিষ্ট্য
ব্রি	৮	ব্রি ধান ১০৩ BR(Bio)8961- AC26-16	দানা লম্বা ও চিকন, ডিগ পাতা খাঁড়া
		ব্রি ধান ১০৪ (BR8862-29-1-5-1- 3)	প্রিমিয়াম কোয়ালিটি সুগন্ধী জাত, চালের আকৃতি লম্বা ও চিকন(৭.৩৬৮ মিমি.) ডিগ পাতা খাঁড়া, অ্যামাইলোজ ২৯.২%
		ব্রি ধান ১০৫ (BRC266-5-1-1-1)	লো জিআই গুণসম্পন্ন জাত (৫৫.২০)
		ব্রি ধান ১০৬ (BR8781-16-1-3- P2)	অলবণাক্ত জোয়ার-ভাটা এলাকা উপযোগী, বারে পড়া সহনশীল, ধানের দানা মাঝারি মোটা
বিডব্লিউএমআরআই	১	বিডব্লিউএমআরআই গম- ৪(BAW1290)	মরিচা রোগ ও পাতায় দাগ রোগ প্রতিরোধী, জাতটি খাটো হওয়ায় সহজে হেলে পড়ে না
এসিআই	২	এসিআই গম- ১(ASRBC/0037/1)	এ জাতের দানায় প্রোটিনের পরিমাণ ১৩.২% এবং গ্লুটেনের পরিমাণ ৩২.০২%
		এসিআই গম- ২(ASRBC/0020/2)	প্রোটিনের পরিমাণ ১২.৯% এবং গ্লুটেনের পরিমাণ ২৮.৯%
বিজেআরআই	১	বিজেআরআই কেনাফ-৫ KBL-155 (1)	অন্যান্য জাতের তুলনায় জাতটিতে কাঁটা কম হওয়ায় সহজে ফসল কর্তন করা যায়
	১	বিজেআরআই তোষাপাট- ৯ (0-043-7-9)	বিজেআরআইতোষাপাট-৮ এর চেয়ে জাতটি লম্বা
বিনা	১	বিনা ধান-২৬ (IR57515 TMI-8-1- SRM-1-1)	দানা লম্বা চিকন
এসিআই	১	এসিআই ধান-০১	জিংকসমৃদ্ধ জাত(২৪.৮ মিগ্রা/কেজি)

## নিবন্ধিত জাতের তথ্য (হাইব্রিড)

প্রতিষ্ঠানের নাম	নিবন্ধিত জাতের সংখ্যা	জাতের নাম	জাতের বৈশিষ্ট্য
১	২	৩	৪
এসিআই	৩	এসিআইহাইব্রিড ধান-১৪ (Qyou6)	ধানের দানা মোটা
		এসিআইহাইব্রিড ধান-১৫ (AH3)	ধানের দানা লম্বা ও চিকন
		এসিআইহাইব্রিড ধান-১৬ (minishail1)	চাল চিকন
মাহিকো বাংলাদেশ প্রাইভেট লিমিটেড	২	মাহিকো হাইব্রিড ধান ৬(RXEL-35)	ধান মাঝারি মোটা
		মাহিকো হাইব্রিড ধান ৮(MRP-5409)	চাল মোটা
ব্র্যাক	১	ব্র্যাক হাইব্রিড ধান ২০ (BHR085) (shakti04)	ডিগ পাতা চওড়া, শীষ উপরের দিকে থাকে
সুপ্রীম সীড কোম্পানি লিমিটেড	২	সুপ্রীম হাইব্রিড ধান ১৪ (Heera14) (SHD-9549)	ডিগ পাতা খাঁড়া এবং সবুজ, চাল চিকন
		সুপ্রীম হাইব্রিড ধান ১৫ (Heera15) (PAN8385)	চাল চিকন
এসিআই এগ্রোলিংক লিমিটেড	১	এসিআই এগ্রোলিংক হাইব্রিড ধান ২ (Q58)	দানা মোটা
ফার্মার্স সীড কোম্পানি লিমিটেড	১	ফার্মার্স হাইব্রিড ধান ১ (Xiangyou-98)	চাল মাঝারি মোটা
ব্রি	১	ব্রিহাইব্রিড ধান ৮	চাল লম্বা ও চিকন
প্রি এস এগ্রো সার্ভিসেস লিমিটেড	২	প্রিএসএগ্রোহাইব্রিড ধান ৩ (CUU DA VHE S01)	চাল মোটা
		প্রিএসএগ্রোহাইব্রিড ধান ৪ (CUU 2009)	চাল মোটা
আমেরিকান অ্যাডভান্সড এগ্রো লিমিটেড	১	আমেরিকান অ্যাডভান্সড এগ্রো হাইব্রিড ধান ১	চাল চিকন
অসবাংলা এগ্রো লিমিটেড	১	অসবাংলা হাইব্রিড ধান ১	চাল মাঝারি মোটা

তথ্য সূত্র : বীজ প্রত্যয়ন এজেন্সি-২০২৩

## আধুনিক কৃষি যন্ত্রপাতির তথ্যচিত্র

যন্ত্রপাতির নাম		বিবরণ
<p>কম্বাইন হারভেস্টার ক. হেডফিড কম্বাইন হারভেস্টার হারভেস্টার</p>	<p>খ. হোলফিড কম্বাইন</p>	<p>কম্বাইন হারভেস্টার দ্বারা ঘণ্টায় ১ একর জমির ধান ও গম কাটা, মাড়াই, বাড়াই ও বস্তাবন্দী করা যায় এবং হেলে পড়া ফসলও কাটা যায়। কম্বাইন হারভেস্টার দুই ধরনের- হেড ফিড এবং হোল ফিড। হেড ফিড কম্বাইন হারভেস্টার দিয়ে ধান কাটলে খড় আস্ত থাকে, খড় টুকরো টুকরো হয় না। হোলফিড কম্বাইন হারভেস্টার দিয়ে ধান কাটলে খড় আস্ত থাকে না, খড় টুকরো টুকরো হয়ে যায়। এই যন্ত্রের একর প্রতি খরচ ৪৫০০ -৫৫০০ টাকা।</p>
<p>ক. রিপার</p>	<p>খ. রিপার বাইন্ডার</p>	<p>এ যন্ত্র দিয়ে ঘণ্টায় ৩০-৩৫ শতাংশ ধান এবং ৪৫-৬০ শতাংশ গম কাটা যায়। হেলে পড়া ধান বা গম কাটা যায়। জমিতে কিছুটা পানি থাকলেও যন্ত্রটি দিয়ে ফসল কাটা যায় (এটেল মাটি ছাড়া)। কাটা ধান বা গম ডান পাশে সারিবদ্ধভাবে পড়ে, যাতে সহজে আঁটি বাঁধা যায়। জ্বালানি খরচ পেট্রোল ০.৮ লিটার/ঘণ্টা। রিপার বাইন্ডারের কাজ রিপারের অনুরূপ। তবে এ যন্ত্রটি ফসল কাটার সাথে সাথে আঁটি বেধে আঁটি সারিবদ্ধভাবে ফেলে রাখে।</p>
<p>ক. সিডার</p>	<p>খ. বেড প্লান্টার</p>	<p>এ দুটিই পাওয়ার টিলার চালিত যন্ত্র। যন্ত্রটি দ্বারা একই সাথে জমি তৈরি ও বীজ বপন করা যায়। এ যন্ত্র দ্বারা নিয়ন্ত্রিতভাবে ধান, গম, ভুট্টা, পাট, তেলবীজ ও ডালজাতীয় শস্য বপন করা যায়। ফসল অনুযায়ী বীজের হার, সারি থেকে সারির দূরত্ব এবং মাটি ও ফসল অনুযায়ী বীজের গভীরতা নিয়ন্ত্রণ করা যায়। যন্ত্রের সাহায্যে ঘণ্টায় ২৫-২৭ শতাংশ জমিতে বীজ বপন করা যায়। বেডে ফসল চাষ করলে সেচ খরচ ও সময় ২৫% সাশ্রয় হয়।</p>
<p>রাইস ট্রান্সপ্লান্টার ক. রাইডিং টাইপ</p>	<p>খ. ওয়াকিং টাইপ</p>	<p>স্বল্প সময়ে অধিক জায়গায় ধানের চারা নির্দিষ্ট দূরত্বে, সারিবদ্ধভাবে, নির্দিষ্ট সংখ্যায়, নির্দিষ্ট গভীরতায় লাগানোর কাজে রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহার করা হয়। এ যন্ত্র দ্বারা চারা রোপণের জন্য ট্রে অথবা পলিথিন সিটের উপর চারা উৎপাদন করতে হয়। ৩-৪ পাতা বিশিষ্ট ২০-২২ দিন বয়সের চারা এ যন্ত্রের সাহায্যে জমিতে রোপণ করা যায়।</p>

<p>ক. পাওয়ার থ্রেসার</p> 	<p>খ. মেইজ শেলার</p> 	<p>এ দুটি যন্ত্র ফসল মাড়াই কাজে ব্যবহৃত হয়; স্থানীয় কারখানায় তৈরি ও মেরামত করা যায়; পরিচালনা ও মেরামত খরচ কম; মাড়াইকৃত শস্যের গুণগতমান বজায় থাকে; ভিজা/শুকনো ধান ও গম মাড়াই করা যায়।</p>
<p>পাওয়ার উইডার</p> 	<p>সারিবদ্ধভাবে রোপণকৃত ধানের জমির আগাছা যান্ত্রিক পদ্ধতিতে দমন করা যায়; আগাছা দমন ও সার প্রয়োগের পর সার মাটির সাথে ভালোভাবে মিশে যায়, ফলে সারের কার্যকারিতা ও ফসলের উৎপাদন বাড়ে; এ যন্ত্র দিয়ে একজন চালক একদিনে ৫-৬ বিঘা জমিতে নিড়ানি দিতে পারবে।</p>	
<p>এক্সিয়াল ফ্লো পাম্প</p> 	<p>সাধারণ পাম্পের তুলনায় ডাবল পানির নিশ্চয়তা; ৫০% জ্বালানি সশরী ১০-১৬ হর্সপাওয়ার ৩০-৬৫ লিটার/প্রতি সেকেন্ড; নদী, খাল, বিল ও পুকুর থেকে পানি তুলতে পারে; কাঁচা দিয়ে পাইপের মুখ বন্ধ করে টিউবঅয়েলে পানি উঠানোর প্রয়োজন হয় না।</p>	
<p>আঁশকল</p> 	<p>সাইজ : লম্বা ১১৪ ইঞ্চি, চওড়া ৬১ ইঞ্চি, উচ্চতা ৪৬ ইঞ্চি; ওজন : ৪৯৫ কেজি (ইঞ্জিনসহ); শক্তি : ১৬ হর্স পাওয়ার (ডিজেল ইঞ্জিন); ক্ষমতা : ২০ শতাংশ জমির পাটের আঁশ কাঁচা অবস্থায় ছাড়ানো যায়/প্রতি ঘণ্টা।</p>	
<p>খড় ও ঘাস কাটার যন্ত্র</p> 	<p>শুকনো খড় ও কাঁচা ঘাস কর্তন করা যায়। সাইজ : দৈর্ঘ্য ৪৬ ইঞ্চিপ্রস্থ ২০ ইঞ্চিউচ্চতা ৩৬ ইঞ্চি; ওজন : ৮৫ কেজি (মটর সহ); শক্তি: ২ হর্স পাওয়ার ২২০ ভোল্ট, ২৮০০ আরপিএস; ক্ষমতা : কাঁচা ঘাস ১০০০ কেজি, শুকনো খড় ৮০০ কেজি প্রতি ঘণ্টা।</p>	
<p>পাওয়ার স্প্রেয়ার</p> 	<p>যন্ত্রটি উচ্চ ক্ষমতাসম্পন্ন হওয়ায় কম খরচে স্প্রে করা যায়; এ যন্ত্র দিয়ে কম সময়ে অনেক বেশি জায়গায় স্প্রে করা যায়; সঠিক ফলন ছাড়াও যে কোনো ফল বা সবজি বাগানের জন্য বিশেষ উপযোগী।</p>	

<p>পটেটো ডিগার</p> 	<p>পাওয়ার টিলার চালিত আলু উত্তোলন যন্ত্র মাটির নিচে থাকা সব আলুকে মাটির উপর বিছিয়ে রাখে; যন্ত্র ব্যবহারে ৫৮% শ্রমিক সাশ্রয় হয় এবং ৩৯% খরচ সাশ্রয় হয়; ঘণ্টায় ১.০-১.৫ লিটার ডিজেল খরচ হয়, এক বিঘা জমির আলু তুলতে ১-১.৫ ঘণ্টা সময় লাগে।</p>
<p>আলুর চিপস তৈরি যন্ত্র</p> 	<p>চিপস তৈরির স্লাইসার দিয়ে ঘণ্টায় ৬০ কেজি আলু স্লাইস করা যায়, স্লাইসার পুরুত্ব হয় ১.৫ মিমি; সোলার ড্রায়ারে সহজে আলুসহ অন্যান্য ফল ও সবজি শুকানো যায়; আলুর চিপস তৈরির জন্য বিশেষভাবে তৈরিকৃত; খোলা মাঠে শুকানোর চেয়ে অনেক তাড়াতাড়ি ও স্বাস্থ্যসম্মতভাবে শুকানো যায়।</p>
<p>ক্যারোট (গাজর) ওয়াসার</p> 	<p>সবজির গায়ে লেগে থাকা ময়লা, ধুলাবালি, জীবাণু দূরীভূত হয় এমনকি E-coli, Salmonella দূর হয়; প্রচলিত পদ্ধতির তুলনায় ৬৭% অর্থ, ৬৭% শ্রমিক এবং ৪০% সময় সাশ্রয় হয়; যন্ত্র দিয়ে প্রতি ব্যাচে ১২০ কেজি গাজর ৫-৬ মিনিটে ধোত করা যায়।</p>

### বস্তায় আদা চাষ পদ্ধতি

আদা বাংলাদেশে একটি গুরুত্বপূর্ণ মসলাজাতীয় ফসল। বাংলাদেশে ১৭ হাজার হেক্টর জমিতে ২.৮৮ লাখ মেট্রিক টন আদা উৎপাদিত হয়, যা দেশের চাহিদার ৪.৮১ লাখ মেট্রিক টন এর তুলনায় খুবই নগণ্য। আদার গড় ফলন ১১.২৮ টন/হেক্টর। এই ঘাটতি পূরণের লক্ষ্যে বাংলাদেশের কৃষি বিজ্ঞানীগণ বারি আদা-১, বারি আদা-২ ও বারি আদা-৩ নামে তিনটি উচ্চফলনশীল জাত উদ্ভাবন করেছেন। যার ফলন ৩০-৩৯ টন/হেক্টর। উৎপাদন কম হওয়ার কারণ আদা চাষের উপযোগী জমির অভাব এবং কন্দ পচা রোগের ব্যাপক আক্রমণ হওয়া। কন্দ পচা রোগের কারণে আদার ফলন শতকরা ৫০-৮০ ভাগ পর্যন্ত কম হয়ে যায়। প্রতি বছর এ দেশের জনসংখ্যা, আবাসনের জন্য ঘরবাড়ি, যোগাযোগের জন্য রাস্তা এবং কলকারখানা ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। ফলে প্রেক্ষিত কারণে কমে যাচ্ছে আবাদি জমি। বাংলাদেশে এই বাড়তি জনসংখ্যার খাদ্য নিশ্চয়তার জন্য শুধু আবাদি জমির উপর নির্ভর করলে হবে না। এ পরিস্থিতিতে চাষ অযোগ্য পতিত জমি বা বসতবাড়ির চারদিকে অব্যবহৃত স্থান, লবণাক্ত এলাকা, খারীয় এলাকা, নতুন ফল বাগানের মধ্যে, বিল্ডিংয়ের ছাদে, বস্তায় আদা চাষ করে উৎপাদন বাড়ানো যেতে পারে। বস্তায় আদা চাষ করে বাংলাদেশে যে আদার ঘাটতি রয়েছে তা সহজেই পূরণ করা সম্ভব।

#### বস্তায় আদা চাষের সুবিধা

- \* এ পদ্ধতিতে আবাদি জমির প্রয়োজন হয় না;
- \* যে কোন পরিত্যক্ত জায়গা, বসতবাড়ির চারদিকে ফাঁকা জায়গা, লবণাক্ত এলাকা, বাড়ির ছাদে সহজেই চাষ করা যায়;
- \* একই জায়গায় বারবার চাষ করা যায়;
- \* এ পদ্ধতিতে উৎপাদন খরচ অনেক কম। প্রতি বস্তায় ২০-২৫ টাকা খরচ করে বস্তা প্রতি ১-২ কেজি আদা উৎপাদন করা যায়;
- \* এ পদ্ধতিতে আদা চাষ করলে কন্দপচা রোগ হয় না। যদিও কখনো রোগ দেখা যায় তখন গাছসহ বস্তা সরিয়ে ফেলা যায়, ফলে কন্দপচা রোগ ছড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে না;

\* বস্তায় আদা চাষ করলে নিড়ানানহ অন্যান্য পরিচর্যার তেমন দরকার হয় না ফলে উৎপাদন খরচ অনেক কম হয়।

**মাটি ও আবহাওয়া :** জৈব পদার্থ সম্পৃক্ত দো-আঁশ, বেলে দো-আঁশ ও উঁচু জায়গা বস্তায় আদা চাষের জন্য সবচেয়ে উপযোগী।

**বস্তায় মিশ্রণ তৈরির পদ্ধতি :** সিমেন্টে খালি বস্তা বা অন্য বস্তায় আদা চাষের জন্য নিম্নলিখিত উপাদানগুলো একত্রে মিশ্রণ করে আদা রোপণের ১৫-২০ দিন পূর্বে একত্রে পালা/ডিবি করে, পলিথিন দ্বারা ঢেকে রাখতে হবে। যাতে বাতাস প্রবেশ না করে। প্রতি বস্তায় প্রথমে মাটি ১০-১২ কেজি, গোবর ৫ কেজি, ভার্মি কম্পোস্ট ২ কেজি, ইউরিয়া ২০ গ্রাম, টিএসপি ২০ গ্রাম, এমওপি ১৫ গ্রাম, ডিএপি ১০ গ্রাম, ছাই ১ কেজি, কারটাপ/কার্বোফুরান ১০ গ্রাম, দস্তা বা জিংক ৫ গ্রাম এবং বোরন ৫ গ্রাম মিশিয়ে নিতে হবে। মিশ্রণ তৈরির সময় অর্ধেক এমওপি (৭.৫ গ্রাম) এবং সম্পূর্ণ মাটি, গোবর, কম্পোস্ট, ছাই, টিএসপি, জিংক, বোরন সব একত্রে মিশিয়ে দিতে হবে। চাহিদার অর্ধেক ইউরিয়া (১০ গ্রাম) আদা রোপণের ৫০ দিন পর প্রয়োগ করতে হবে। বাকি অর্ধেক ইউরিয়া (১০ গ্রাম) ও এমওপি (৭.৫ গ্রাম) সমানভাবে দুই কিস্তিতে যথাক্রমে ৫ গ্রাম ও ৩.৭৫ গ্রাম করে রোপণের যথাক্রমে ৮০ দিন ও ১১০ দিন পর বস্তায় প্রয়োগ করতে হবে।

**আদা রোপণের সময় :** এপ্রিল-মে (চৈত্র-বৈশাখ) মাসে আদা লাগাতে হয়। তবে এপ্রিল মাসের প্রথম সপ্তাহ আদা লাগানোর উপযুক্ত সময়।

**বস্তায় মিশ্রণ ভরাট করা :** বস্তায় আদা লাগানোর পূর্বে প্রতি বস্তায় তৈরিকৃত মিশ্রণ এমনভাবে ভরাতে হবে যাতে বস্তার উপরের দিকে ১-২ ইঞ্চি ফাঁকা থাকে।

**বস্তা সাজানোর/স্থাপন পদ্ধতি :** ৩ মিটার চওড়া ও সুবিধা মতো দৈর্ঘ্যের বেড তৈরি করতে হবে। একটি বেড থেকে অন্য বেডের মাঝখানে ৬০ সেমি: ড্রেন রাখতে হবে। ড্রেনের মাটি বেডের উপর দিয়ে বেডকে উঁচু করে নিতে হবে, যাতে বেডে বৃষ্টির পানি জমাট বেঁধে না থাকে। এরপর প্রতি বেডে ২টি সারি এমনভাবে করতে হবে, যেন এক সারি থেকে অন্য সারির মাঝে ১ মিটার দূরত্ব বজায় থাকে। প্রতি সারিতে ৮-১০ ইঞ্চি পর পর পাশাপাশি ২টি বস্তা স্থাপন করতে হবে।

**বীজের আকার ও রোপণ পদ্ধতি :** প্রতি বস্তায় ৪৫-৫০ গ্রামের একটি বীজ মাটির ভেতরে ৪ থেকে ৫ ইঞ্চি গভীরে লাগাতে হবে। বীজ লাগানোর পর মাটি দ্বারা ঢেকে দিতে হবে।

**বীজ শোধন :** বস্তায় আদা রোপণের পূর্বে ২ গ্রাম থ্রিরাইম (৩৭.৫%) + কার্বোক্সিন (৩৭.৫%) গ্রুপের প্রোভেন্স প্রতি লিটার পানিতে মিশিয়ে, এক কেজি আদা বীজ এক ঘণ্টা ডুবিয়ে রাখতে হবে। এরপর ভেজা আদা পানি থেকে উঠিয়ে ছায়ায় রেখে শুকিয়ে বস্তায় রোপণ করতে হবে।

**আন্তঃপরিচর্যা :** বস্তায় আদা চাষ করলে আগাছা তেমন হয় না। যদি আগাছা দেখা যায়, নিড়ানি দিয়ে পরিষ্কার করতে হবে। এছাড়া পরবর্তীতে সার প্রয়োগের সময় মাটি আলগা করে গাছের গোড়া থেকে দূরে সার প্রয়োগ করে মাটির সাথে ভালোভাবে মিশিয়ে দিতে হবে।

**সেচ :** বৃষ্টি না হলে বস্তায় প্রথম দিকে হালকাভাবে বাঝরি দ্বারা অল্প পরিমাণে সেচ দিতে হবে। তবে বৃষ্টি স্বাভাবিক মাত্রায় হলে সেচের প্রয়োজন হয় না।

## বালাই ব্যবস্থাপনা

**কন্দ পঁচা রোগ :** বর্ষাকালে গাছে এই রোগের লক্ষণ দেখা যায়। গাছের নিচের দিকের পাতার প্রান্তভাগে প্রথমে হলুদাভ দেখায় এবং পর্যায়ক্রমে তা পাতার কিনারা ও পত্র ফলকের দিকে বিস্তার লাভ করে। গাছের পাতা হলুদ হয়ে গাছ ঝিমিয়ে পড়ে। পচনের ফলে কন্দ নরম হয়ে অভ্যন্তরীণ টিস্যু সম্পূর্ণরূপে নষ্ট হয়ে যায়। আক্রান্ত রাইজম থেকে একধরনের গন্ধ বের হয়।

**দমন পদ্ধতি :** বীজ আদার জন্য শুধু সুস্থ ও রোগজীবাণু মুক্ত গাছ নির্বাচন করতে হবে; বীজ আদা রিডোমিল গোল্ড/প্রোভেক্স ২ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে বীজ কন্দ শোধন করে রোপণ করতে হবে; যদি কোন কারণে গাছ আক্রান্ত হয় তবে আক্রান্ত বস্তা সরিয়ে ফেলতে হবে।

**পোকামাকড় :** বাড়ন্ত গাছে পাতাখেকো পোকা অনেক সময় পাতার ব্যাপক ক্ষতি করে ফলে এবং গাছের সালোকসংশ্লেষণ হ্রাস পায়। এতে ফলন কমে যায়।

**দমন পদ্ধতি :** এ পোকা দমনের জন্য ১০-১৫ দিন পর পর ২-৩ বার বিকাল বেলায় ০.৫% হারে মার্শাল প্রতি লিটার হারে ডাস্টবার্ন বা সাইপারমেথ্রিন গ্রুপের ওষুধ স্প্রে করতে হবে।

**ফসল সংগ্রহ :** সাধারণত জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে বস্তা থেকে আদা উঠানো হয়। আদা পরিপক্বতা লাভ করলে গাছের পাতা ক্রমশ হলুদে হয়ে কাণ্ড শুকাতে শুরু করে। এ সময় মাটি তুলে বোড়ে ও শিকড় পরিষ্কার করে সংরক্ষণ করা হয়।

**ফলন :** সাধারণত প্রতি বস্তায় জাতভেদে ১-৩ কেজি পর্যন্ত আদার ফলন পাওয়া যায়।

**বীজ আদা সংরক্ষণ :** বীজ আদা ছায়াযুক্ত স্থানে মাটির নিচে গর্ত বা পিট তৈরি করে সংরক্ষণ করা হয়। গর্তের নিচে ১ ইঞ্চি পরিমাণে বালু দিয়ে তার উপর বীজ আদা রেখে মাটি দ্বারা ঢেকে দিতে হবে। এতে করে বীজ আদা শুকিয়ে ওজন কমার কোন সম্ভাবনা থাকে না।

**তথ্য সূত্র :** মসলা গবেষণা কেন্দ্র, বগুড়া (বিএআরআই)

## টেলিভিশনে কৃষিবিষয়ক অনুষ্ঠান

টেলিভিশন চ্যানেল	কৃষি অনুষ্ঠান	সম্প্রচার দিন	সম্প্রচার সময়	পুনঃসম্প্রচার
বাংলাদেশ টেলিভিশন	মাটি ও মানুষ	বৃহস্পতি, শুক্রবার ও শনিবার	সন্ধ্যা ৬.২০ মি.	
	বাংলার কৃষি	প্রতিদিন	সকাল ৭.৪০ মি.	পরের দিন
	কৃষি সংবাদ	প্রতিদিন	খবরের সঙ্গে নিয়মিত প্রচার করা হয়।	-
চ্যানেল আই	হৃদয়ে মাটি ও মানুষ	শনিবার	রাত ৯.৩০ মি.	রোববার দুপুর ১১.৩০ মি.
	হৃদয়ে মাটি ও মানুষের ডাক	বৃহস্পতিবার	বিকাল ৩.০৫ মি.	-
	কৃষি সংবাদ	প্রতিদিন	বিকাল ৫.০০ মি.	-
বৈশাখী	কৃষি ও জীবন	রবিবার	সন্ধ্যা ৬.২০ (পাফিক)	সোমবার রাত ২.৩০ মি.
বাংলাভিশন	শ্যামল বাংলা	বুধবার	সকাল ৮.০০	
জিটিভি	সবুজ বাংলা	সোমবার	রাত ৯.৩০ মি.	রাত ৯.৩০ মি.
দীপ্তটিভি	দীপ্ত কৃষি	প্রতিদিন	বিকাল ৪.৩০ মি.	বিকাল ৪.৩০ মি.
আরটিভি	কৃষি ও কৃষ্টি	বৃহস্পতিবার	বিকাল ৫.৩০ মি.	
এটিএন বাংলা	সোনালী দিন	বুধবার	সন্ধ্যা ৬.১৫ মি.	বুধবার রাত ২.৩০ মি.
	মাটির সুবাস	শনিবার	সকাল ১১.৩০ মি.	
চ্যানেল ২৪	কৃষি২৪	রবি থেকে বৃহস্পতি	বিকাল ৪.৪০ মি.	-
	রূপান্তরের কৃষি	শনিবার (সাপ্তাহিক)	বিকাল ৪.৪০ মি.	রাত ১.৩০ মি.
চ্যানেল ৯	কৃষি জিজ্ঞাসা ও পরামর্শ ফোন লাইভ	শুক্রবার	সন্ধ্যা ৬.০০ মি.	



বাংলাদেশ বেতার থেকে প্রচারিত কৃষিবিষয়ক অনুষ্ঠান

বেতার কেন্দ্র	অনুষ্ঠানের নাম	লগন	সম্প্রচারের সময়	স্থায়িত্ব মিনিট	অনুষ্ঠান ধরন	মন্তব্য	
ঢাকা	দেশ আমার মাটি আমার	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৭.০৫-৭.৩০	২৫	জাতীয়	প্রতিদিন	
	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৭.৫০-৮.০০ (শীতকালীন)	১০	জাতীয়	প্রতিদিন	
			অক্টোবর-মার্চ				
				সকাল ৬.৫০-৭.০০ (গ্রীষ্মকালীন)			
	সোনালি ফসল	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৩৫	৩০	আঞ্চলিক	প্রতিদিন	
	সবুজ প্রান্তর	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৫.৫০-৬.০০	১০	আঞ্চলিক	প্রতি শুক্রবার	
	শস্য শ্যামল	রাত্রীকালীন	রাত ৮.৩০-৯.০০	৩০	জাতীয়	মাসের দ্বিতীয় শুক্রবার	
আমার দেশ	বৈকালিক	বিকাল ৪.০৫-৪.৩৫	৩০	জাতীয়	প্রতিদিন		
চট্টগ্রাম	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.০৫-৬.১০ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন	
	কৃষি খামার	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.১০-৬.৫০	৪০	আঞ্চলিক	প্রতিদিন	
খুলনা	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.২৫-৬.৩০ ৭.৫৫-৮.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন	
	চাষাবাদ	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.১০-৬.৫০	৪০	আঞ্চলিক	প্রতিদিন	
রংপুর	কৃষি সমাচার	প্রভাতি	সকাল ৬.৩০-৬.৩৫ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন	
	ক্ষেত খামারে	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ০৬.০৫-৬.৩৫	৩০	আঞ্চলিক	প্রতিদিন	
রাজশাহী	ক্ষেত খামার সমাচার	প্রভাতি	সকাল ৬.২৫-৬.৩০ ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন	
	সবুজ বাংলা	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৪৫	৪০	আঞ্চলিক	প্রতিদিন	
সিলেট	আজকের চাষাবাদ	প্রভাতি	সকাল ৬.৫৫-৭.০০	০৫	আঞ্চলিক	গ্রীষ্ম/শীতকালীন	
	শ্যামল সিলেট	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৪৫	৪০	আঞ্চলিক	প্রতিদিন	
রাঙ্গামাটি	খামারবাড়ি	মধ্যাহ্ন	দুপুর ৩.০৫-৩.১৫	১০	আঞ্চলিক	শুক্রবার ছাড়া সপ্তাহে ৬ দিন	
বরিশাল	চাষবাস	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ৬.০৫-৬.৩০	২৫	আঞ্চলিক	প্রতিদিন	
বান্দরবন	কৃষিকথা	মধ্যাহ্ন	বিকাল ৪.০৫-৪.২৫	২০	আঞ্চলিক	রোববার-বুধবার সপ্তাহে ৪ দিন	
কক্সবাজার	সোনালি প্রান্তর	মধ্যাহ্ন	দুপুর ৩.০৫-৩.৩০	২৫	আঞ্চলিক	রবি ও মঙ্গলবার সপ্তাহে ২ দিন	
ঠাকুরগাঁও	কিষাণ মাটি দেশ	সন্ধ্যাকালীন	সন্ধ্যা ০৬.০৫-৬.৩০	২৫	আঞ্চলিক	প্রতিদিন	
কুমিল্লা	সুজলা সুফলা	বৈকালিক	বিকাল ০৫.১০-৫.৩০	২০	আঞ্চলিক	শুক্রবার ছাড়া সপ্তাহে ৬ দিন	
কৃষি রেডিও (এফএম ৯৮.৮) আমতলী, বরগুনা	সকাল ৯.০০-১১.০০ এবং বিকেল ৩.০০-৯.০০				আঞ্চলিক	প্রতিদিন	

## নির্বিঘ্নে বোরো ধান চাষে কৃষক ভাইদের করণীয়

### বীজতলা তৈরি

- বীজতলার জমি ২ থেকে ৩টি চাষ দিয়ে মাটি আলগা করে প্রয়োজনীয় পানি সেচের মাধ্যমে থক থকে কাদা করে এক বা একাধিক মই দিয়ে সমান করুন;
- ১ মিটার প্রস্থ এবং সুবিধামতো দৈর্ঘ্যবিশিষ্ট বেড তৈরির মাধ্যমে আদর্শ বীজতলা তৈরি করুন;
- পাশাপাশি দুইটি বীজতলার মাঝখানে ১ ফুট প্রশস্ত নালা রাখুন;
- বিলম্বে রোপণকৃত (ফেব্রুয়ারির মাঝামাঝি পর্যন্ত) বোরো ধানের জন্য পলিথিন আবৃত শুকনো বীজতলা তৈরি করুন;
- রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহারের ক্ষেত্রে প্লাস্টিক ট্রে/মোটা পলিথিন শিটের ওপর বীজতলা তৈরি করুন;
- এক মাস বয়সের চারা রোপণ করুন;
- প্রতি শতকে ২.৫ কেজি অঙ্কুরিত বীজ বপন করুন। এতে করে বীজতলায় চারা সুস্থ ও সবল হবে।

### চারা রোপণ

- সারি করে বোরো ধানের চারা রোপণ করুন এবং উত্তর দক্ষিণ বরাবর সারি করুন;
- এক সারি থেকে অন্য সারির দূরত্ব ৮ ইঞ্চি এবং সারির মধ্যে এক গোছা থেকে অপর গোছার দূরত্ব ৬ ইঞ্চি রাখুন;
- শুকনো বীজতলা থেকে তৈরিকৃত চারা প্রতি গোছাতে অন্তত দুইটি করে রোপণ করুন;
- অন্যান্য বীজতলা থেকে তৈরিকৃত চারা প্রতি গোছাতে তিন থেকে চারটি ব্যবহার করুন;
- লোগো পদ্ধতিতে (প্রতি ১০ সারি পর এক সারি খালি রাখা) চারা রোপণ করুন। এতে করে বাদামি গাছফড়িংয়ের আক্রমণ কমে যাবে;
- বেলে/বেলে-দোঁ-আশ মাটি বোরো চাষের জন্য নির্বাচন করবেন না।

### সার প্রয়োগ

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
<b>স্বল্পমেয়াদি জাত</b> (১৫০ দিনের নিচে) ব্রি ধান২৮, ব্রি ধান৪৫, ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, ব্রি ধান৯৭ ও ব্রি ধান৯৯, বঙ্গবন্ধু ধান১০০, ব্রি ধান ১০১, ব্রি ধান ১০২, ব্রি ধান ১০৪, ব্রি ধান ১০৫, ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৪, ব্রি হাইব্রিড ধান৫, ব্রি হাইব্রিড ধান৬, ব্রি হাইব্রিড ধান৭ ও ব্রি হাইব্রিড ধান৮।	ডিএপি, এমওপি, জিপসাম ও দস্তা সারের পুরোটাই জমি চাষের শেষ সময়ে প্রয়োগ করতে হবে। ইউরিয়া সারকে তিন ভাগ করে তার ১ম কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর উপরিপ্রয়োগ করুন; পরবর্তী ২য় কিস্তি চারা রোপণের ৩০-৩৫ দিন পর উপরিপ্রয়োগ করুন এবং শেষ কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে প্রয়োগ করুন।	১. ইউরিয়া ৩০ কেজি/বিঘা ২. ডিএপি ১৫ কেজি/বিঘা ৩. এমওপি ২০ কেজি/বিঘা ৪. জিপসাম ১৫ কেজি/বিঘা ৫. দস্তা ১.৫ কেজি/বিঘা
<b>দীর্ঘমেয়াদি জাত</b> (১৬০-১৬৫ দিন) বিআর-১৭, বিআর১৮। ব্রিধান২৯, ব্রি ধান৫০, ব্রি ধান৫৮, ব্রি ধান৬৯, ব্রি ধান৮৯, ব্রি ধান৯২ ও ব্রি ধান৯৬।	জমি তৈরির শেষ চাষে সব ডিএপি, এমওপি, জিপসাম ও দস্তা প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমানভাবে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। প্রথম কিস্তি জমি তৈরির সময়, দ্বিতীয় কিস্তি চারা রোপণের ১৫-২০ দিন পর এবং তৃতীয় কিস্তি কাইচথোড় আসার ৫-৭ দিন আগে প্রয়োগ করতে হবে।	১. ইউরিয়া ৩৫ কেজি/বিঘা ২. ডিএপি ১৩ কেজি/বিঘা ৩. এমওপি ২২ কেজি/বিঘা ৪. জিপসাম ১৫ কেজি/বিঘা ৫. দস্তা ১.৫ কেজি/বিঘা

## সেচ প্রয়োগ

- চারা রোপণের সময় জমিতে ছিপছিপে পানি রাখুন। রোপণের পর ১০ থেকে ১২ দিন পর্যন্ত জমিতে আধা ইঞ্চির মতো দাঁড়ানো পানি রাখুন;
- চারা লেগে যাওয়ার পর থেকে সেচ প্রয়োগে পর্যায়ক্রমে ভেজানো ও শুকানো পদ্ধতি (AWD) অবলম্বন করুন। এতে করে পানি সাশ্রয় হবে এবং সেচ খরচ এক তৃতীয়াংশ কমে আসবে;
- বোরো জমির ওপরের মাটিতে চুল ফাটা দেখা দেয়ার সাথে সাথে পুনরায় সেচ প্রয়োগ করুন;
- চারা রোপণের পর থেকে প্রথম দুই মাস জমিতে ছিপছিপে পানি রাখুন। এতে কার্যকরী কুশির সংখ্যা বাড়বে;
- কাইচথোড় আসার পর থেকেই ১ ইঞ্চির মতো দাঁড়ানো পানি রাখুন;
- ধানের পাকা রঙ ধারণের সময় থেকে ক্রমান্বয়ে জমিতে পানি সেচ বন্ধ রাখুন। এতে করে তাড়াতাড়ি ধানের পরিপক্বতা আসবে।

## আগাছা দমন

- আগাছা দমনের জন্য জমিতে ছিপছিপে পানি থাকা অবস্থায় রাইস উইডার (নিড়ানি যন্ত্র) ব্যবহার করুন;
- শুকনো অবস্থায় জমিতে হালকা নিড়ানি দিলে মাটিতে অক্সিজেনের সংযোগ ঘটবে এবং গাছের শিকড় সুস্থ ও সবল থাকবে, বালাইয়ের আক্রমণ কম হবে।

## রোগবালাই দমন

- জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পার্চিং এর জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখায়ুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন;
- জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোর ফাঁদ স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকাকার অবস্থান এবং সংখ্যা জরিপ করুন। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমন ব্যবস্থা গ্রহণ করুন।
- ধান কর্তন
- জমির শতকরা ৮০ ভাগ ধান পাকার পরপরই শুরু আবহাওয়া দেখে ধান কর্তন করুন;
- ধান গাছের গোড়ার দিকে ৮ ইঞ্চি পরিমাণ নাড়া রেখে ফসল কর্তন করুন। পরবর্তী ফসল আবাদের আগে জমির শুকনো নাড়া পুড়িয়ে ফেলুন;
- এতে করে বাদামি গাছ ফড়িংসহ অন্যান্য পোকা ও রোগ-জীবাণু ধ্বংস হবে;
- দ্রুত এবং সাশ্রয়ী কর্তনের জন্য সম্ভব হলে রিপার/হার্ভেস্টার ব্যবহার করুন।

\* গুটি ইউরিয়া ব্যবহার করা হলে এক-তৃতীয়াংশ ইউরিয়া সাশ্রয় হবে এবং কোনো ইউরিয়া উপরিপ্রয়োগের প্রয়োজন নেই।

\* ডিএপি/এমওপি/জিপসাম/দস্তা উল্লিখিত মাত্রায় প্রয়োগ করা হলে ধানে পোকামাকড়, রোগবালাই কম হয় এবং ধানের দানা পুষ্ট হয় ও ফলন বাড়ে।

\* সম্ভব হলে জমিতে পর্যাপ্ত পরিমাণ পচা গোবর/কম্পোস্ট/ভার্মি কম্পোস্ট/খামারজাত সার ব্যবহার করুন। সেক্ষেত্রে রাসায়নিক সারের ব্যবহারের পরিমাণ অর্ধেক কমে আসবে।

\*\* অতিরিক্ত ইউরিয়া সার ব্যবহার করা থেকে বিরত থাকুন। ইউরিয়া সার বেশি ব্যবহার করলে ধান গাছের বাড়াবাড়ি বেশি হবে, পোকামাকড়ের আক্রমণ বেশি হবে এবং ফলন কম হবে।

তথ্য সূত্র : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## আউশ ধান চাষে কৃষক ভাইদের করণীয়

### জমি তৈরি

- বোনা আউশ চৈত্রের শুরু থেকে বৈশাখের মধ্যে (মার্চের মাঝামাঝি থেকে এপ্রিলের তৃতীয় সপ্তাহ পর্যন্ত) জমি তৈরি করণ;
- রোপা আউশ বৃষ্টিপাতের সাথে তালমিলিয়ে (মে মাসের প্রথম ও দ্বিতীয় সপ্তাহের মধ্যে) জমি তৈরি করণ;
- জমিতে ২-৩টি চাষের পর মই না দিয়ে জমি খোলা অবস্থায় রাখুন;
- মাটি ভালোভাবে শুকিয়ে গেলে অনেক আগাছা এবং পোকামাকড় ও রোগজীবাণু মরে যায়।
- এ অবস্থায় বৃষ্টি হলে জমিতে আগাছা গজানো সম্পন্ন হলে আবারও চাষ ও মই দিয়ে (জো থাকা অবস্থায়) মাটিকে বুর-বুরে তৈরি করণ।

### বীজ বপন

বোনা আউশের বীজ তিনভাবে বপন করা যায়-

- ছিটিয়ে- শতকরা ৮০ ভাগ অঙ্কুরোদগম সম্পন্ন ভালো বীজ হেক্টরপ্রতি ৭০-৮০ কেজি হারে ছিটিয়ে দিন; এরপর হালকাভাবে একটা চাষ ও মই দ্বারা মাটি সমান করণ। সারি করে- ২৫ সেন্টিমিটার দূরত্বে ৪-৫ সেমি. গভীর করে সারি তৈরি করণ এবং হেক্টর প্রতি ৪৫-৫০ কেজি হারে বীজ বপন করণ। এরপর মই দিয়ে মাটি সমান করণ। ডিবলিং পদ্ধতিতে- এতে বাঁশ বা কাঠের দণ্ড দিয়ে ২০ সেন্টিমিটার পর পর মাটিতে গর্ত করে গর্ত প্রতি ২/৩টি করে বীজ বপন করে মই দিয়ে মাটি সমান করণ। বীজের হার হলো হেক্টরপ্রতি ২৫-৩০ কেজি।

### সার প্রয়োগ

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
বিআর২০, বিআর২১, বিআর২৪, ব্রি ধান৪২, ব্রি ধান৪৩ ও ব্রি ধান৮৩ এবং রোপা হিসাবে বিআর২৬, ব্রি ধান২৭, ব্রি ধান৪৮, ব্রি ধান৮২, ব্রি ধান৮৫, ব্রি ধান৯৮, ব্রি ধান১০৬, ব্রি হাইব্রিড ধান৭	জমি তৈরির শেষ চাষের সময় ইউরিয়া, টিএসপি ও এমওপি সার প্রয়োগ করতে হবে। বৃষ্টিবহুল বোনা আউশ এলাকায় ইউরিয়া দুইকিস্তিতে প্রথম কিস্তি শেষ চাষের সময় এবং দ্বিতীয় কিস্তি ধান বপনের ৩০-৪০ দিন পর। জমিতে গন্ধক এবং দস্তার অভাব থাকলে জিপসাম ও জিঙ্ক সালফেট প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-৬০০ গ্রাম/শতক টিএসপি- ২০০ গ্রাম/শতক এমওপি-৩০০ গ্রাম/শতক জিপসাম-১৩৫ গ্রাম/শতক জিঙ্ক সালফেট-২০ গ্রাম/শতক

### আগাছা দমন

- আগাছানাশক ব্যবহারের মাধ্যমে বোনা আউশ ধানে আগাছা দমন করা অনেকটা সহজ;
- এক্ষেত্রে রনস্টার বা করস্টার হেক্টরপ্রতি ১ লিটার হারে জমিতে ধান বপনের ৫-৬ দিনের মধ্যে প্রয়োগ করণ;
- ৩০-৩৫ দিন পর একবার হাত নিড়ানি দিলে আগাছা দমন হয়ে যায়।

### রোগবালাই দমন

- জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পার্চিং এর জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখায়ুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন;
- জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোক ফাঁদ/সোলার লাইট ট্র্যাপের স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকার অবস্থান এবং সংখ্যা জরিপ করণ। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমনব্যবস্থা গ্রহণ করণ।

### ফসল কাটা, মাড়াই ও সংরক্ষণ

- জমিতে শীষের অগ্রভাগের শতকরা ৮০ ভাগ ধানের চাল শক্ত হলে শুষ্ক আবহাওয়া দেখে ধান কর্তন করুন;
- দ্রুত ও সাশ্রয়ী কর্তন ও মাড়াইয়ের জন্য রিপার/কম্বাইন হার্ভেস্টার ব্যবহার করুন;
- মাড়াই করার পর অন্তত ৪-৫ বার রোদে শুকানোর পর ঝেড়ে নিয়ে গোলাজাত বা সংরক্ষণ করুন;

তথ্য সূত্র : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## আমন ধান চাষে কৃষকভাইদের করণীয়

### বীজতলা তৈরি ও বীজ বপনের সময়

- বীজতলায় জমি ২ থেকে ৩টি চাষ দিয়ে মাটি আলগা করে প্রয়োজনীয় পানি সেচের মাধ্যমে থকথকে কাঁদা করে এক বা একাধিক মই দিয়ে সমান করুন;
- ১ মিটার প্রস্থ এবং সুবিধামতো দৈর্ঘ্যবিশিষ্ট বেড তৈরির মাধ্যমে আদর্শ বীজতলা তৈরি করুন;
- পাশাপাশি দুইটি বীজতলার মাঝখানে ১ ফুট প্রস্থ নালা রাখুন;
- যেসব এলাকায় উঁচু জমি নেই সেসব এলাকায় ভাসমান বীজতলা তৈরি করুন;
- দীর্ঘ, মধ্যম ও স্বল্প জীবনকালের জাতের জন্য আলাদা আলাদা স্থান ও সময়ে বীজতলায় বীজ বপন করুন;
- নিম্ন, অতি নিম্ন অথবা অনুর্বর মাটির ক্ষেত্রে গোবর অথবা খামারজাত সার প্রতি শতকে ২ মণ হিসাবে প্রয়োগ করুন ;
- রোপা আমন আষাঢ় মাসে ও চৈত্র-বৈশাখ মাসে মাঠে বোনা আমনের বীজ বপন করুন;
- ভালো চারা পাওয়ার জন্য বিএডিসি, স্থানীয় কৃষি বিভাগ বা ব্রি কার্যালয়ের সাথে যোগাযোগ করে ভালো বীজ সংগ্রহ করে বীজতলায় বপন করতে হবে;
- প্রতি শতকে ২.৫ কেজি অঙ্কুরিত বীজ বপন করুন। এতে করে বীজতলার চারা সুস্থ ও সবল হবে।

### চারা রোপণ

- লাইন বা সারিবদ্ধভাবে চারা রোপণ করুন;
- পর্যাপ্ত পরিমাণ আলো ও বাতাস চলাচলের জন্য উত্তর-দক্ষিণ বরাবর সারি করুন;
- সাধারণত সারি থেকে সারির দূরত্ব ২৫ সেমি. (৮ ইঞ্চি) ও গুছি থেকে গুছির দূরত্ব ১৫ সেমি. (৬ ইঞ্চি) রাখুন ;
- দীর্ঘ ও মধ্যমমেয়াদি জাতের চারার বয়স ২০-২৫ দিন এবং রোপণ সময় ১৫ জুলাই-১৫ আগস্ট
- স্বল্পমেয়াদি জাতের চারার বয়স ১৫-২০ দিন এবং রোপণ সময় ২৫ জুলাই-২৫ আগস্ট;

### সার ব্যবস্থাপনা

- আবহাওয়া ও মাটির উর্বরতার মান যাচাই এবং ধানের জাত, জীবনকাল ও ফলন মাত্রার ওপর ভিত্তি করে সারের মাত্রা ঠিক করা হয়।

ডিএপি সার ব্যবহার করলে সবক্ষেত্রেই প্রতি কেজি ডিএপি সারের জন্য ৪০০ গ্রাম ইউরিয়া কম ব্যবহার করলেই হবে এতে গাছ শক্ত হয়, রোগবালাই, পোকামাকড়ের আক্রমণ কম হয়। দুই সেমি. পর্যন্ত পানিযুক্ত কাঁদা মাটিতে গুটি ইউরিয়া ও প্রিল্ড ইউরিয়া প্রয়োগের মাধ্যমে শতকরা ২৫-৩০ ভাগ ইউরিয়া সাশ্রয় হয়। জোয়ার-ভাটা অঞ্চলে গুটি ইউরিয়ার ব্যবহার করে ভালো ফলন পাওয়া যায়। জিংক সালফেট (মনো বা হেপ্টা) সার ফসফরাস জাতীয় সারের সঙ্গে একত্রে ব্যবহার করা যায় না। এ সমস্যা সমাধানে জিংক সারের

সর্বশেষ প্রযুক্তি চিলেটেড জিংক প্রয়োগ করা যেতে পারে। মূল জমিতে ধানের চারা রোপণের ২০-২২ দিন পর প্রথমবার এবং ৪০-৪৫ দিন পর দ্বিতীয়বার ১ লিটার পানিতে ১ গ্রাম লিবরেল জিংক স্বেপ্ত করলে সুফল পাওয়া যাবে। রোপা আমন ধানের জমি তৈরির সময় বিঘাপ্রতি (৩৩ শতক) ৩০০ কেজি জৈবসার ব্যবহার করলে রাসায়নিক সারের ব্যবহার শতকরা ৩০ ভাগ কমানো সম্ভব।

জাতের নাম	সার প্রয়োগের নিয়মাবলি	সারের মাত্রা
দীর্ঘমেয়াদি জাত (জীবনকাল ১৩৫ দিনের বেশি), যেমন- বিআর১০, বিআর১১, ত্রি ধান৩০, ত্রি ধান৪০, ত্রি ধান৪১, ত্রি ধান৪৪, ত্রি ধান৫১, ত্রি ধান৫২, ত্রি ধান৫৫, ত্রি ধান৭৬, ত্রি ধান৭৭, ত্রি ধান৭৯, ত্রি ধান৯১, ত্রি ধান৯৩, ত্রি ধান৯৪, ত্রি ধান৯৫	জমি তৈরির শেষ চাষে সমস্ত-এমওপি-ডিএপি/টিএসপি- জিপসাম প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমান ভাগে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপণের ৭-১০ দিন পর, ২য় কিস্তি চারা রোপণের ২৫-৩০ দিন পর এবং ৩য় কিস্তি কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২৬ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৮ কেজি/বিঘা এমওপি-১৪ কেজি/বিঘা জিপসাম -৯ কেজি/বিঘা
মধ্যমেয়াদি জাত (জীবনকাল ১২০-১৩৫ দিন), যেমন- বিআর২৫, ত্রি ধান৩৪, ত্রি ধান৩৭, ত্রি ধান৩৮, ত্রি ধান৪৯, ত্রি ধান৫৩, ত্রি ধান৫৪, ত্রি ধান৭০, ত্রি ধান৭২, ত্রি ধান৭৩, ত্রি ধান৭৮, ত্রি ধান৭৯, ত্রি ধান৮০, ত্রি ধান৮৭, ত্রি ধান৯০, ত্রি ধান৯৩, ত্রি ধান৯৪ ও ত্রি ধান১০৩।	জমি তৈরির শেষ চাষে ১/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমানভাগে দুই কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপণের ১০-১৫ দিন পর এবং ২য় কিস্তি কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২০ কেজি/বিঘা ডিএপি/টিএসপি-৭ কেজি/বিঘা, এমওপি-১১ কেজি/বিঘা জিপসাম -৮ কেজি/বিঘা
স্বল্পমেয়াদি জাত (জীবনকাল ১২০ দিনের কম), রবি ফসল এলাকায় স্বল্পমেয়াদি জাত যেমন- ত্রি ধান৩৩, ত্রি ধান৩৯, ত্রি ধান৫৬, ত্রি ধান৫৭, ত্রি ধান৬২, ত্রি ধান৬৬, ত্রি ধান৭১, ত্রি ধান৭৫, ত্রি হাইব্রিড ধান৪, ত্রি হাইব্রিড ধান৬ চাষ করে সহজেই ধান কাটার পর রবি ফসল করা যাবে।	জমি তৈরির শেষ চাষে ২/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-২৩ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৯ কেজি/বিঘা এমওপি-১৩ কেজি/বিঘা জিপসাম -৮ কেজি/বিঘা
নাবিতে রোপণকৃত আলোক-সংবেদনশীল জাত (যেমন বিআর২২, বিআর২৩, ত্রি ধান৪৬, ত্রি ধান৭৬, ত্রি ধান৭৭)	জমি তৈরির শেষ চাষে ২/৩ অংশ ইউরিয়া এবং সমস্ত ডিএপি-এমওপি-জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া কাঁইচখোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে।	ইউরিয়া-১২ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৭ কেজি/বিঘা এমওপি-৮ কেজি/বিঘা জিপসাম -৬ কেজি/বিঘা
ত্রি ধান৩২ এবং স্বল্প আলোক-সংবেদনশীল সুগন্ধিজাত যেমন- বিআর৫, ত্রি ধান৩৪, ত্রি ধান৩৭ ও ত্রি ধান৩৮		ইউরিয়া-১২ কেজি/বিঘা ডিএপি/টিএসপি- ৭ কেজি/বিঘা এমওপি-৮ কেজি/বিঘা জিপসাম -৬ কেজি/বিঘা

### সম্পূরক সেচ

আমন মৌসুমে বার্ষিক বৃষ্টিপাতের প্রায় ৮০% হয়ে থাকে যা আমন আবাদের জন্য যথেষ্ট। বৃষ্টিনির্ভর ধানের জমিতে যে কোনো পর্যায়ে সাময়িকভাবে বৃষ্টির অভাবে খরা হলে অবশ্যই সম্পূরক সেচ দিতে হবে। প্রয়োজনে সম্পূরক সেচের সংখ্যা একাধিক হতে পারে। তা না হলে ফলনে মারাত্মক প্রভাব পড়বে।

### আগাছা ব্যবস্থাপনা

হাত দিয়ে, নিড়ানি যন্ত্র দিয়ে এবং আগাছানাশক ব্যবহার করে ধানক্ষেত ৩৫-৪০ পর্যন্ত আগাছামুক্ত রাখুন। রোপা আমন ধানে সর্বোচ্চ দুবার হাত দিয়ে প্রথম বার ধান রোপণের ১৫ দিন পর এবং পরের বার ৩০-৩৫ দিন পর আগাছা দমন করুন। নিড়ানি যন্ত্র দিয়ে ধানের দুইসারির মাঝের আগাছা দমন হয় কিন্তু দুইগুছির ফাঁকে যে আগাছা থাকে তা হাত দিয়ে পরিষ্কার করুন। প্রি-ইমাজেস আগাছানাশক ধান রোপণের ৩-৬ দিনের মধ্যে (আগাছা জন্মানোর আগে) এবং পোস্ট ইমাজেস আগাছানাশক ধান রোপণের ৭-২০ দিনের মধ্যে (আগাছা জন্মানোর পর) ব্যবহার করুন। আগাছানাশক প্রয়োগের সময় জমিতে ১-৩ সেন্টিমিটার পানি রাখুন।

## রোগবালাই দমন

জমিতে চারা রোপণের পর পরই প্রতি বিঘা জমিতে পার্চিংয়ের জন্য কমপক্ষে ৫-৭টি ডাল (শাখা যুক্ত) বিক্ষিপ্তভাবে পুঁতে দিন। জমিতে কুশি গজানো আরম্ভ হওয়ার পর থেকে প্রতি সপ্তাহে অন্তত একবার করে আলোকফাঁদ/সোলার লাইট ট্রাপের স্থাপনের মাধ্যমে উপকারী ও অপকারী পোকার অবস্থান এবং সংখ্যা জরিপ করুন। স্থানীয় উপসহকারী কৃষি কর্মকর্তার সাথে পরামর্শক্রমে প্রয়োজনীয় দমন ব্যবস্থা গ্রহণ করুন।

তথ্যসূত্র : বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

## সরিষার আবাদ বাড়িয়ে ভোজ্যতেলের চাহিদা পূরণ

‘স্বল্পমেয়াদের আমন আর বোরো মাঝে উচ্চফলনশীল সরিষা করো, তেলের অভাব ফুরিয়ে যাবে গোলাভরা ধানও পাবে।’

মাননীয় কৃষিমন্ত্রী বলেছেন, ‘আগামী তিন বছরে ভোজ্যতেলের চাহিদার চল্লিশ বাগ স্থানীয়ভাবে উৎপাদন করতে হবে।’ ধানের উৎপাদন না কমিয়ে মাঝারি উঁচু বা উঁচু জমিতে উচ্চফলনশীল এবং স্বল্পমেয়াদি আমন ও বোরো ধানের মধ্যবর্তী সময়ে খুব সহজেই সরিষা চাষ করে প্রয়োজনীয় ভোজ্যতেলের চাহিদা মেটানো যায়। এজন্য দরকার সঠিক সময়ে সঠিক জাতের আমন, সরিষা ও বোরো ধানের চাষাবাদ।

## ধানের আবাদ না কমিয়ে সরিষার আবাদ বাড়ানোর কার্যকর শস্যবিন্যাস

### আমন ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল সম্পন্ন জাতসমূহ : ব্রি ধান৭১, ব্রি ধান৭৫, ব্রি হাইব্রিড ধান৪, ব্রি হাইব্রিড ধান৬, বিনাধান-১৬, বিনাধান-১৭, বিনাধান-২২

রোপণের সময় : আষাঢ়ের মাঝামাঝি/জুলাইয়ের শুরুতে আমন ধানের বীজতলা তৈরি করে ২৫ দিনের চারা মূল জমিতে রোপণ করলে উপযুক্ত সময়ে সরিষা চাষ করা যাবে।

বি.দ্র. উত্তরবঙ্গে আমনের চারা ১০-১৫ দিন আগে রোপণ করতে হবে নতুবা আমন ধান চিটা হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

### সরিষা জাত ও রোপণের সময়

স্বল্পজীবনকাল সম্পন্ন সরিষার জাতসমূহ : বিনা সরিষা-৪, বিনা সরিষা-৯, বিনা সরিষা-১০, বারি সরিষা-১৪, বারি সরিষা-১৫, বারি সরিষা-১৭ ও বারি।

রোপণের সময় : ০১ নভেম্বর/১৬ কার্তিকের মধ্যে সরিষার বীজ বপন করা উত্তম তবে ১৫ নভেম্বর/৩০ কার্তিক পর্যন্ত সরিষার বীজ বপন করা যেতে পারে।

### বোরো ধানের জাত ও রোপণের সময়

অধিক ফলনশীল স্বল্পজীবনকাল সম্পন্ন বোরো জাতসমূহ : ব্রি ধান৬৩, ব্রি ধান৬৭, ব্রি ধান৬৮, ব্রি ধান৭৪, ব্রি ধান৮১, ব্রি ধান৮৪, ব্রি ধান৮৬, ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, বঙ্গবন্ধু ধান১০০, ব্রি হাইব্রিড ধান২, ব্রি হাইব্রিড ধান৩, ব্রি হাইব্রিড ধান৫, বিনাধান-১০, বিনাধান-২৪, বিনাধান-২৫

রোপণের সময় : ডিসেম্বরের মাঝামাঝি/পৌষের শুরুতে বোরো ধানের বীজতলা তৈরি করে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ/মাঘের শেষ সপ্তাহের মধ্যে ৩৫-৪০ দিনের চারা রোপণ করা যাবে।

বি.দ্র. উত্তরবঙ্গে বোরোর চারা ১০-১৫ দিন দেরিতে রোপণ করতে হবে নতুবা বোরো ধান চিটা হয়ে যাওয়ার আশঙ্কা থাকে।

### বাংলাদেশে প্ল্যান্ট টিস্যু কালচারের সম্ভাবনা

উদ্ভিদের যেকোনো ক্ষুদ্রতম দৈহিক অংশ (somatic part) বা পৃথকীকৃত (isolated) কোনো কোষ (cell) টেস্টটিউবে বা যেকোনো পাত্রে কৃত্রিম মাধ্যমে (MS media) লালন (culture) করে মাতৃ উদ্ভিদের মতো অবিকল নতুন চারা উৎপন্ন করার এ কৌশলের নাম দেয়া হয় ক্ষুদ্র বংশ বিস্তার (micro-propagation)। পরবর্তীতে আধুনিক বিজ্ঞানে প্রযুক্তির ব্যাপক উন্নয়নের ফলে এতে কিছু নতুন প্রযুক্তি সংযুক্ত করে পরে এর নাম দেওয়া টিস্যু কালচার (Tissue Culture)।

জার্মান উদ্ভিদ শারীরতত্ত্ববিদ হ্যাবারল্যান্ড কর্তৃক ১৯৯২ সনে প্রথম টিস্যু কালচারের জৈবিক মূলনীতিসমূহ (biological principles) বর্ণিত হয়। পরবর্তীতে ১৯৯৩ সনে তিনজন বিজ্ঞানী নোবকোর্ট, গেদার হাট এবং হোয়াট কৃত্রিম জীবাণুমুক্ত মাধ্যমে ক্যালাস কলাকে (callus tissue) স্বতন্ত্রভাবে লালন (culture) করতে সমর্থ হন।

কৃত্রিম বংশবিস্তার (artificial propagation) বা টিস্যু কালচার প্রক্রিয়ার উল্লেখযোগ্য সুবিধাজনক দিকটি হলো যেখানে একবীজ পত্রী উদ্ভিদ (monocot) সাধারণত বীজ ছাড়া অন্য কোনো উপায়ে বংশবৃদ্ধি ঘটানো যায় না সেখানে এ পদ্ধতিতে খুব সহজেই এসব উদ্ভিদের বংশবৃদ্ধি ঘটানো সম্ভব। সবচেয়ে মজার ব্যাপার হলো খুব কম সময়ে এই প্রক্রিয়ায় বিপুল পরিমাণে চারা উৎপাদন করা যায়। স্ট্রবেরির মতো একটি ফল গাছের একটি একক কোষ (single cell) বা ক্ষুদ্রতম কোনো অংশ থেকে বছরে প্রায় দুই মিলিয়ন চারা পাওয়া সম্ভব।

তাছাড়া টিস্যু কালচার প্রক্রিয়া উৎপন্ন চারার আকারে খুব ছোটো হয়। স্বাভাবিক উৎপন্ন কলার চারার কথা বলা যায়। যেখানের এক হাজার কলার চারা পরিবহন করতে একটি বিশালাকার ট্রাকের প্রয়োজন, সেখানে টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন এক হাজার চারাকে বহন করতে ছোট আকারে রিকসভ্যানই যথেষ্ট। যার ফলে এ ধরনের চারা বহনে পরিবহন খাতে ব্যয় যথেষ্ট কম হয়। টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন চারা ভাইরাস দ্বারা আক্রান্ত হয় না। অপর পক্ষে এ প্রক্রিয়ার দ্বারা রোগ জীবাণু মুক্ত ও বীজ উৎপাদনের অনুকূল পরিবেশ সৃষ্টির মাধ্যমে মাতৃ উদ্ভিদের শীর্ষস্থ (epical) ও পার্শ্বস্থ (lateral) মেরিস্টেমটিক টিস্যু (Meristematic Tissue) হতে বীজ উৎপন্ন হয় বলে এতে ভাইরাসসহ অন্যান্য রোগ জীবাণু আক্রমণ কম হয়। এবং প্রতিকূল পরিবেশের মধ্যেও এসব বীজ হতে চারা ও সুস্থ সবল উদ্ভিদ জন্ম হয়। আমেরিকা মহাদেশ আজ 'বিশ্বের রণটির ব্লাডি (world food basket)' বলে খ্যাত যে কারণে তার প্রধান কারণ তাদের টিস্যু কালচারের মাধ্যমে উৎপন্ন বীজের ব্যবহার। কেননা এ প্রক্রিয়ায় উৎপন্ন গমের বীজ হতে প্রচণ্ড নিম্ন তাপমাত্রায় স্বাভাবিকভাবে চারা ও পূর্ণাঙ্গ গাছ হয়।

বাণিজ্যিক ভিত্তিতে এ ধরনের বীজ উৎপন্ন হলে তার মূল্যও কম হয়। তবে সেক্ষেত্রে টিস্যু কালচার ল্যাব তৈরির খরচের পরিমাণ বিবেচ্য বিষয়ের মধ্যে আনতে হবে। আমাদের দেশে এ ধরনের একটি টিস্যু কালচার ল্যাব তৈরি করতে ১ কোটি হতে ১.৫০ কোটি



টাকা পর্যন্ত ব্যয় হবে। এসব ল্যাভে মূল কাজ পরিচালনা করার জন্য দক্ষ জেনেটিক ইঞ্জিনিয়ার প্রয়োজন যারা একটি সুস্থ সবল গাছের একটি অংশের মেরিস্টেমটিক টিস্যু হতে কয়েক লক্ষ হতে কয়েক বিলিয়ন চারা উৎপন্ন করে। এ কাজ পরিচালনার পূর্বে প্রজননবিদদের প্রথমে সমস্ত দেহে জীবাণুনাশক মেখে নিতে হয়। প্রক্রিয়াটির চূড়ান্ত ফলাফল পাওয়ার জন্য কয়েক সপ্তাহ হতে কয়েক মাস অপেক্ষা করতে হয়।

বর্তমানে চীন, জাপান, ফিলিপাইন, থাইল্যান্ড, অস্ট্রেলিয়া ও ইউরোপের বেশ কিছু দেশে বাণিজ্যিকভাবে টিস্যু কালচার ল্যাভ হতে বীজ/চারা উৎপন্ন করা হচ্ছে। জাপান, থাইল্যান্ড, এশিয়ার এ দুটি দেশ এ পদ্ধতি প্রয়োগের ফলে প্রাপ্ত অর্কিড ও ফুল বিক্রি করে বিশ্ব বাজার হতে এক মোটা অংকের অর্থ নিজেদের ঘরে তুলছে। এক জরিপে দেখা গেছে যে, হল্যান্ড, আয়ারল্যান্ড টিস্যু কালচার পদ্ধতি প্রয়োগ করে যে আলুর বীজ উৎপন্ন করে তার প্রতিটির বীজের মূল্য পড়ে দশ পয়সা যা কি না সমস্ত উৎপাদন খরচের এক নগণ্য অংশ মাত্র; অথচ এ নগণ্য মূল্যের বীজ হতে পরবর্তীতে তার সুস্থ সবল আলু গাছ হতে ফসলের সর্বোচ্চ ফলন পেয়ে থাকে। ১৯৫৪ সালে আলুর লেইট ব্লাইট রোগের কারণে আয়ারল্যান্ডে যে দুর্ভিক্ষ হয়েছিল তাতে ৭-৮ লাখ লোক মারা গিয়েছিল এবং সেখান থেকে তার শিক্ষা নিয়েছিল যে রোগ জীবাণুমুক্ত বীজ হচ্ছে সন্তোষজনক ফসল উৎপাদনের পূর্বশর্ত। আর তখন থেকে তার টিস্যু কালচার প্রক্রিয়ার উন্নয়নের জন্য সর্বাত্মক চেষ্টা করেছিল এবং সফলও হয়েছে।

১৯৫৪ সালের দুর্ভিক্ষে শুধু আয়ারল্যান্ড-ই নয় গোটা উত্তর আমেরিকা সুস্থ বীজের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তখন থেকে টিস্যু কালচারের প্রতি গুরুত্ব সহকারে নজর দিয়েছেন। যার দরুন আজ তারা কৃষি প্রধান দেশ না হওয়া সত্ত্বেও নিজেদের খাদ্য চাহিদা মিটিয়ে বিপুল পরিমাণ খাদ্যশস্য বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে।

অথচ আমাদের দেশ কৃষি প্রধান হওয়া সত্ত্বেও এ প্রযুক্তির ব্যবহার তো দূরের কথা এ প্রযুক্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার শতকরা হার একেবারে শূন্যের কাছাকাছি। তবে আমাদের দেশের কৃষি গবেষণা ইনস্টিটিউটে টিস্যু কালচার পদ্ধতিতে চারা উৎপাদিত হলেও কৃষক পর্যায়ে তা সম্প্রসারিত হয়নি। আশার কথা মাদারীপুর হার্টিকালচার সেন্টারে দেশের প্রথম বাণিজ্যিক টিস্যু কালচার ল্যাবরেটরি তৈরি হয়েছে এবং বিগত দুই বছরে অনেক সীমাবদ্ধতার মধ্যেও এখান থেকে প্রায় চার লক্ষ কলা চারা ও কয়েক হাজার জারবেরা ও অর্কিড চারা তৈরি করে কৃষকদের মাঝে বিতরণ করা হয়েছে। বর্তমানে উক্ত ল্যাবরেটরিতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের হার্টিকালচার উইংয়ের ব্যবস্থাপনায় কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান চলছে এবং এরকম আরও ছয়টি টিস্যু কালচার ল্যাবরেটরি তৈরির প্রক্রিয়া বাস্তবায়নাধীন রয়েছে।

## প্রধানমন্ত্রীর অনুশাসন “দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে”

### বাস্তবায়নের রূপরেখা

বাংলাদেশ বিশ্বের বুকে আয়তনে ছোট্ট কিন্তু জনবহুল একটি দেশ এ কথা যেমন সত্য, তেমনি ফসল উৎপাদনে এক সমৃদ্ধশালী দেশ হিসেবেও বিশ্বব্যাপী সমাদৃত। একবিংশ শতাব্দীর আজকে এই সময়ে দাড়িয়ে গোটা বিশ্ব ভীষণ অপ্রস্তুত হয়ে পড়েছে। এর কারণ হিসেবে ইদানীং ঐযৎবব দঙ্গদ কে অনেকেই দায়ী হিসেবে বিবেচিত বলে মনে করছেন। আর সেগুলো হলো ১. Conflict (মূলত রাশিয়া-ইউক্রেন যুদ্ধ), ২. Climate change (জলবায়ু পরিবর্তন), ৩. Covid-19 (কোভিড-১৯)। মানব সভ্যতার উপর অতর্কিত করোনার নির্মম হামলা দুমড়ে-মচুড়ে দিয়েছে পৃথিবীটাকে। জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব গত কয়েকটি বছর ধরেই চলছে বিশ্বজুড়ে। দুই বছরের করোনাভাইরাস মহামারির ধাক্কা না কাটতেই রাশিয়া-ইউক্রেন যুদ্ধ গোটা বিশ্বকে চরম খাদ্য সংকটের দিকে ঠেলে দিয়েছে। এরই মধ্যে বিশ্বের সবচেয়ে শক্তিশালী দেশ যুক্তরাষ্ট্রের মূল্যস্ফীতি ৫০ বছরের মধ্যে সর্বোচ্চ উচ্চতায় উঠে ৯ শতাংশের কাছাকাছি দাঁড়িয়েছে। ইউরোপের প্রায় সব দেশ, চীন, কানাডাসহ সব রাষ্ট্রেই মূল্যস্ফীতি বাড়ছে। আরও বাড়বে বলে শঙ্কার কথা শোনাচ্ছে বিশ্বব্যাপক, আইএমএফসহ বিভিন্ন দাতা সংস্থা। যার ফলে বিভিন্ন দেশে খাদ্য সংকট দেখা দিতে শুরু

করেছে। ২০২৩ সালে বিশ্বে অর্থনৈতিক মন্দার পূর্বাভাস দিচ্ছে বিশ্বব্যাংক। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা (এফএও) বলছে, যুদ্ধ পরিস্থিতি দ্রুত স্বাভাবিক না হলে দুর্ভিক্ষও দেখা দিতে পারে।

বিশ্ব খাদ্য সংস্থা (এফএও)-র মতে, বিশ্বের ৪৫টি দেশে ঘাটতিজনিত মারাত্মক খাদ্য নিরাপত্তাহীনতার আশঙ্কা এখন সবচেয়ে বেশি। এর মধ্যে এশিয়া মহাদেশভুক্ত দেশ আছে ৯টি, যার মধ্যে বাংলাদেশসহ তিনটি দেশ দক্ষিণ এশিয়ার। এফএওর হিসাব অনুযায়ী, চলতি বছরেই বিশ্বব্যাপী খাদ্যশস্য উৎপাদন কমবে ১.৪ শতাংশ। শুধুমাত্র দক্ষিণ আমেরিকা ছাড়া বিশ্বের আর সব মহাদেশ বা অঞ্চলেই এবার খাদ্যশস্য উৎপাদন কমবে। বাংলাদেশও এর বাইরে থাকবে না। আর এই দিকগুলো বিবেচনায় রেখে বাংলাদেশের বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এক অনুশাসন প্রদান করেন সকল দেশবাসীর উদ্দেশ্যে ‘দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে’। প্রধানমন্ত্রীর এই অনুশাসন বাস্তবায়নে এরই মধ্যে বেশ কিছু পদক্ষেপ ও কর্মসূচি কৃষিবান্ধব এই সরকারের সফল মন্ত্রণালয় কৃষি মন্ত্রণালয় গ্রহণ করেছে।

বাংলাদেশে মোট ১ কোটি ৬১ লক্ষর মতো ফসলি জমির মধ্যে মোট আবাদযোগ্য জমির পরিমাণ রয়েছে ৮৬ লাখ ২৯ হাজার হেক্টরের মতো। তন্মধ্যে আবাদযোগ্য পতিত জমির পরিমাণ ৪ লাখ ৩২ হাজারের মতো প্রায় (সূত্র : কৃষি বর্ষগ্হ ২০২০, ভূমি ব্যবহার জরিপ ২০১৯-২০)। উল্লেখযোগ্য বিষয় হলো, এই পরিমাণ আবাদযোগ্য পতিত জমি যদি আবাদের আওতায় আনা যায়, তাহলে আমাদের খাদ্য সংকট মোকাবেলায় যেমন ভূমিকা পালন করবে, তেমনি গ্রামীণ আর্থসামাজিক উন্নয়নে ফলপ্রসূ হবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বলেছিলেন- ‘গ্রামে গ্রামে বাড়ির পাশে বেগুন গাছ লাগিও, কয়টা মরিচ গাছ লাগিও, কয়টা লাউ গাছ ও কয়টা নারিকেলের চারা লাগিও। বাপ-মারে একটু সাহায্য কর। কয়টা মুরগি পালো, কয়টা হাঁস পালো। জাতীয় সম্পদ বাড়বে’। (বাণী চিরসবুজ, কৃষি মন্ত্রণালয়, জুন ২০২১, পৃষ্ঠা নং ১৪২)। বঙ্গবন্ধুর এই উক্তিই বলে দেয়, বর্তমান প্রধানমন্ত্রীর অনুশাসন কিভাবে বাস্তবায়ন করতে হবে। মূলত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সেই লালিত স্বপ্নকে বাস্তবায়নের গুরু দায়িত্ব পালন করছেন তাঁর সুযোগ্য কন্যা।

অপরপক্ষে বাংলাদেশে প্রায় ২৫৩.৬০ লাখ বসতবাড়ি রয়েছে, যার পরিমাণ ৫.৪০ লাখ হেক্টর। দেশের বসতবাড়ির গড় আয়তন ০.০২ হেক্টর। কৃষক পরিবারের সংখ্যা ১৬৫.৬২ লাখ এবং আবাদযোগ্য পতিত জমির পরিমাণ ২.২৩ লাখ হেক্টর। এই জমিগুলো আবাদের আওতায় আনার লক্ষ্যে সরকারের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ‘অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপন প্রকল্প’ নামে একটি প্রকল্প কাজ করেছে। প্রকল্পের আওতায় সকল শ্রেণির কৃষক-কৃষানি যাদের বসতভিটা অনাবাদি পড়ে আছে সেই সকল জমি পরিকল্পিত উপায়ে চাষাবাদের আওতায় আনা হচ্ছে। তাছাড়া মুজিব শতবর্ষ উপলক্ষে গৃহহীনদের জন্য নির্মিত গৃহের বসতভিটায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপনের মাধ্যমে হতদরিদ্র মানুষের পুষ্টি চাহিদা পূরণে প্রকল্পটি কাজ করেছে। ৬,৮৩,৫৬০টি কৃষক পরিবার এই প্রকল্পের মাধ্যমে সরাসরি উপকৃত হবে এবং ৪৫৫৪টি ইউনিয়ন ও ৩৩০ পৌরসভার প্রায় ৪১ লাখ কৃষক-কৃষানি পরোক্ষভাবে উপকৃত হবে। উল্লেখিত প্রকল্পটির মেয়াদকালে পারিবারিক সবজি পুষ্টিবাগান প্রদর্শনী স্থাপন করা হবে ৪,৮৮,৪০০টি, স্যাঁতসেঁতে জমিতে কচুজাতীয় সবজি চাষ প্রদর্শনী স্থাপন করা হবে ৭৩৮০টি এবং ছায়াযুক্ত স্থানে/বসতবাড়িতে আদা/হলুদ চাষ প্রদর্শনী স্থাপন করা হবে ৭৩৮০টি। সকল প্রদর্শনীর সফল বাস্তবায়নের ফলে বাংলাদেশের ৫,০৩,১৬০টি বসতবাড়ির অনাবাদি/পতিত জমি বছরব্যাপী সবজি চাষাবাদের আওতায় আসবে। আর এভাবেও প্রধানমন্ত্রীর অনুশাসনটি বাস্তব রূপ পাবে।

মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের আর একটি বড় ক্ষেত্র হলো আমাদের বনাঞ্চল ও তাকে ঘিরে গড়ে ওঠা বাস্তবতন্ত্র। বাংলাদেশে পাহাড়ি বনের পরিমাণ প্রায় ১৩.৭৭ লাখ হেক্টর আর গ্রামীণ বন রয়েছে ৭.৭৪ লাখ হেক্টর। এ সমস্ত বনাঞ্চল থেকে বনজীব্য আহরণের মধ্যে অন্যতম প্রধান হলো কাঠ (প্রায় ৩১.৩২ লাখ ঘনফুট), জ্বালানি (প্রায় ১৬.৮৪ ঘনফুট) ও গোলপাতা (৫৪৬.০২ লাখ কেজি) (সূত্র : বন অধিদপ্তর-২০২১)। এর বাইরেও পাহাড়ে অনেক পতিত জমি রয়েছে। কৃষি মন্ত্রণালয়ের সমীক্ষা বলছে, রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান; এই তিন পার্বত্য জেলায় অন্তত পাঁচ লাখ হেক্টর জমি অনাবাদি পড়ে আছে। এই

জমিগুলো কাজুবাদাম ও কফি চাষাবাদের উপযোগী। এ ছাড়া পাবর্ত্য জেলায় পাহাড়ে এরই মধ্যে ছড়িয়ে গিয়েছে আম্রপালি, কাটিমন আম, লিচু ও ড্রাগনের বাগান। এ ছাড়াও মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নের আরও বড় খাত হলো সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের অব্যবহৃত পতিত জমি। বিশেষ করে বাংলাদেশ রেলওয়ের অব্যবহৃত জমি, সরকারি শিক্ষাপ্রতিষ্ঠান, পার্ক, লাইব্রেরি, ধর্মীয় উপাসনালয়ের অব্যবহৃত জমি রয়েছে যেগুলো অনায়াসেই আবাদের আওতায় আনা যায়। বসতবাড়ির ছাদে বাগান করা হলোও বেশ জনপ্রিয় একটি কর্মসূচি।

প্রধানমন্ত্রীর অনুশাসনটি বাস্তবায়নে অনুঘটক হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যে কাজগুলো চলমান তার মধ্যে রয়েছে কৃষি যান্ত্রিকীকরণ। বর্তমানে প্রায় তিন হাজার বিশ কোটি টাকা ব্যয়ে ‘সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে কৃষি যান্ত্রিকীকরণ’ প্রকল্পের মাধ্যমে অঞ্চলভেদে ৫০-৭০ শতাংশ ভর্তুকি দিয়ে ধান কাটাসহ অন্যান্য কৃষি যন্ত্রপাতি কৃষকদেরকে দেয়া হচ্ছে। এটি সারাবিশ্বে একটি বিরল ঘটনা।

এ সমস্ত কৃষি যন্ত্রপাতি ব্যবহারের ফলে বর্তমানে দেশের প্রায় শতভাগ কৃষি জমি যান্ত্রিক চাষাবাদের আওতায় আসবে। এবারে আমন মৌসুমে কৃষি যন্ত্রপাতি ব্যবহার করে অনেক শস্যকর্তন করা হয়েছে ফলে আগের চেয়ে শ্রম ও খরচ দুটোই কম লেগেছে।

গত ২০২০-২১ অর্থবছরের ২৭ অক্টোবর, ২০২০ তারিখে রবি/২০২০-২১ মৌসুমে বোরো ধান, গম, ভুট্টা, সরিষা, সূর্যমুখী, চীনাবাদাম, শীতকালীন মুগ, পেঁয়াজ ও পরবর্তী খরিপ-১ মৌসুমে গ্রীষ্মকালীন মুগ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ সহায়তা প্রদান বাবদ কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় ৮৬৪৩.০০ লাখ টাকার অর্থ ছাড় করা হয়। এই অর্থ দেশের ৬৪টি জেলায় ৮ লাখ উপকারভোগীর মাঝে উল্লেখিত ৯টি ফসল চাষের জন্য সহায়তা বিতরণ করা হয়। ফসলভেদে বিভিন্ন পরিমাণে বীজ সহায়তা, ডিএপি ও এমওপি সার সহায়তা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে প্রতিটি কৃষকের মাঝে পৌঁছে যাচ্ছে।

পরবর্তীতে গত বছর একইভাবে এই প্রণোদনা ১৭ নভেম্বর, ২০২০ তারিখ রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড জাতের বীজ ব্যবহারকারীদের মাঝে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে চৌদ্দ লাখ সাতানব্বই হাজার কৃষকের মাঝে ৭৬ কোটি ৪ লাখ ৬০ হাজার ৭৬০ টাকা, ২৩ নভেম্বর, ২০২০ তারিখ রবি মৌসুমে পেঁয়াজ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে পঞ্চাশ হাজার কৃষকের মাঝে ২৫ কোটি ১৬ লাখ ৫০ হাজার টাকা ও ২৫ মার্চ, ২০২১ তারিখ খরিপ-১ মৌসুমে আউশ ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধিতে চার লাখ পঞ্চাশ হাজার কৃষকের মাঝে ৩৯ কোটি ৩৭ লাখ ৫০ হাজার টাকার সার ও বীজ সহায়তা বিতরণ করা হয়। প্রধানমন্ত্রীর অনুশাসন বাস্তবায়নে এটি বেশ গুরুত্ববহন করে।

কৃষি বাঁচলে দেশের মানুষ দুমুঠো খেয়ে পড়ে বাঁচতে পারবে, যে কথাটি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে অনুধাবন করেছিলেন বর্তমান কৃষিরাষ্ট্রব স সরকারের প্রধান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী তাঁর প্রায় সমস্ত জনসভা কিংবা রাষ্ট্রীয় বক্তৃতায় কৃষিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বক্তব্য প্রদান করেন। আর তাই প্রতিটি ইঞ্চি কৃষি জমির সর্বোচ্চ ব্যবহারের বিষয়টিকে তিনি সর্বাধিক প্রাধান্য দিয়েছে। গত অক্টোবর প্রকাশিত ওয়ার্ল্ড ইকোনমিক আউটলুক প্রতিবেদনে আইএমএফ বলেছে, ২০২৩ সালে একটি মারাত্মক মন্দার মুখোমুখি হতে পারে বিশ্ব অর্থনীতি। অর্থনৈতিক প্রবৃদ্ধি নেমে যেতে পারে ২ দশমিক ৭ শতাংশে। এই সম্ভাবনা মোকাবেলায় প্রধানমন্ত্রী কৃষির উন্নয়ন ও কৃষকের কল্যাণকে সর্বোচ্চ বিবেচনায় এনে ‘রূপকল্প-২০৪১’-এর আলোকে জাতীয় কৃষিনীতি-২০১৮, নিরাপদ খাদ্য আইন, টেকসই উন্নয়ন অভীষ্ট-২০৩০ এবং ডেল্টা প্ল্যান-২১০০সহ উল্লেখযোগ্য কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করে যাচ্ছেন। সামগ্রিকভাবে কৃষি গুরুত্ব বিবেচনায় প্রধানমন্ত্রীর অনুশাসন ‘দেশের এক ইঞ্চি জমিও যেন অনাবাদি না থাকে’ বাস্তবায়নের কোন বিকল্প নেই।

**তথ্যসূত্র :** কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

## ভাসমান বেড়ে সবজি ও মসলা চাষ

জলবায়ু পরিবর্তনের প্রভাবে বাংলাদেশের কৃষি সেক্টর সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ অবস্থানে আছে। দেশের দক্ষিণাঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রধান প্রভাবগুলো-মাটি ও পানিতে লবণাক্ততার অনুপ্রবেশ, জলমগ্নতা, উপকূলীয় বন্যা, প্রাকৃতিক দুর্যোগ এবং উপকূলীয় জলোচ্ছ্বাস। জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাবের ফলে ভবিষ্যতে এ অবস্থার আরও অবনতি হবার সম্ভাবনা রয়েছে। যা দেশে স্থায়ী কৃষি উৎপাদন ও খাদ্য নিরাপত্তার ওপর বিরূপ প্রভাব ফেলবে। দক্ষিণাঞ্চলের নিচু এলাকাসমূহ উপকূলীয় বন্যা ও অনিয়মিত বৃষ্টিপাতের কারণে বর্ষা মৌসুমে সাধারণত জুন থেকে ডিসেম্বর মাস পর্যন্ত নিমজ্জিত থাকে। দেশের দক্ষিণাঞ্চল নিচু ও হাওর এলাকাসমূহে রবি মৌসুমে বোরো-পতিত-পতিত ফসল বিন্যাসের আওতায় কৃষকরা একক ফসল হিসাবে শুধু বোরো ধানের আবাদ করেন। এর ফলশ্রুতিতে স্থানীয় জনগণের জীবনযাত্রার মান বেশ দুর্দশাপূর্ণ এবং তারা প্রতিনিয়ত দারিদ্র্যতা ও অপুষ্টির সাথে লড়াই করছে। সে কারণে দেশের দক্ষিণাঞ্চল, হাওর এলাকা ও অন্যান্য জলাবদ্ধ এলাকার সমস্যািকবলিত দরিদ্র জনগোষ্ঠীর খাদ্য ও পুষ্টি নিরাপত্তার উন্নতির লক্ষ্যে স্থায়ী কৃষি উৎপাদনের জন্য ভাসমান বেড়ে সবজি ও মসলা চাষ কৃষি প্রযুক্তিসমূহ উন্নতকরণ এবং এগুলোর সম্প্রসারণ অপরিহার্য।

বাংলাদেশের দক্ষিণাঞ্চলের বন্যা/জলমগ্ন অবস্থার সাথে খাপ খাওয়ানোর জন্য কৃষকরা স্থানীয় জ্ঞান ও অভিজ্ঞতার মাধ্যমে উদ্ভাবিত ভাসমান কৃষি পদ্ধতিতে (যা স্থানীয়ভাবে ভাসমান/ধাপ চাষ নামে পরিচিত) কমপক্ষে প্রায় ২০০ বছর আগ থেকে ফসল উৎপাদন করে আসছে। বর্তমানে দেশের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলের গোপালগঞ্জ, পিরোজপুর এবং বরিশাল জেলায় বর্ষাকালে নিচু জলমগ্ন এলাকাসমূহে মূলত ভাসমান চাষ করা হয়। গোপালগঞ্জ জেলার সকল উপজেলা এবং বরিশালের উজিরপুর ও আঁগেলবারা উপজেলায় শুধু কচুরিপানা দিয়ে তৈরি ভাসমান বেড়ে সাধারণ শাকসবজি ও মসলাজাতীয় ফসল চাষ করা হয়। অন্যদিকে বরিশালের বানারীপাড়া এবং পিরোজপুরের নাজিরপুর এবং নেছারাবাদ উপজেলায় কচুরিপানা, দুলালীলতা ও টোপাপানা দিয়ে তৈরি ভাসমান বেড়ে শাকসবজি ও মসলাজাতীয় ফসলের চারা উৎপাদন করে পাশ্চবর্তী এলাকায় সরবরাহ করছে।

বাংলাদেশে প্রায় ৩০ লাখ হেক্টর নিচু থেকে অতি নিচু ভূমি আছে যা দেশের মোট আয়তনের ২১% (বিএআরসি, ২০০৬)। দেশের দক্ষিণাঞ্চলে প্রায় ০.২৫ মিলিয়ন হেক্টর প্লাবিত ভূমি রয়েছে। অন্যদিকে সার দেশে প্রায় ৩৭৩টি হাওর রয়েছে যার আয়তন প্রায় ৮.৫৮ লাখ হেক্টর। বর্ষাকালে প্লাবন/জলামগ্নতার কারণে এ সকল ভূমির একটা বড় অংশ অনাবাদি বা পতিত থাকে। গবেষণার মাধ্যমে উপযুক্ত ও লাগসই ভাসমান কৃষি প্রযুক্তির মাধ্যমে এসব প্লাবিত পতিত ভূমি সহজেই ফসল উৎপাদনের কাজে ব্যবহার করা যায়। প্রযুক্তি পরিবেশবান্ধব এবং বাংলাদেশের পরিবর্তিত জলবায়ুগত পরিস্থিতিতে কৃষি অভিযোজনের জন্য উপযোগী। প্রচলিত ভাসমান কৃষি পদ্ধতিতে সাধারণত সবজি ও মসলা চাষের জন্য স্থানীয় ও কম ফলনশীল জাতের বীজের ব্যবহার এবং এগুলো চারা উৎপাদন করা হয়। পাশাপাশি ভাসমান বেড়ের আকার-আকৃতির উপযোগী ফসল ও ফসলবিন্যাস এবং মানসম্পন্ন চারা উৎপাদন সম্পর্কে কৃষকদের ধারণার অভাব, ভাসমান বেড তৈরিতে কচুরিপানা ও অন্যান্য জলজ উদ্ভিদের অদক্ষ ব্যবহার, নিম্নমানের বীজ ব্যবহার, অনুন্নত বপন/রোপণ পদ্ধতি, সার ও সেচ ব্যবস্থাপনা প্রভৃতি, রোগবাহাই, পোকামাকড় ও হাঁদুরের আক্রমণ, হাওর অঞ্চলে জোঁকের উপদ্রবের কারণে ফসলের ফলন ও আয় কম হয়। মাটির ও পানির লবণাক্ততা বৃদ্ধি, ভাসমান জলজ উদ্ভিদ কচুরিপানা, টোপাপানা, দুলালীলতা ও শ্যাওলা যথাযথ সংরক্ষণ ও ব্যবস্থাপনার অভাবে এগুলোর প্রাপ্যতা দিন দিন কমে যাচ্ছে। এ অবস্থায় শুধু স্থানীয় ভাসমান কৃষি প্রযুক্তি ব্যবহার করে ফসলের ফলন ও উৎপাদনশীলতা বাড়ানো বেশ কষ্টকর। ভাসমান চাষে ফসলের ফলন ও উৎপাদনশীলতা বাড়ানোর জন্য ভাসমান কৃষির স্থানভিত্তিক উন্নত ও লাগসই প্রযুক্তি উদ্ভাবন, সম্প্রসারণ ও অভিযোজন করা অপরিহার্য। এই প্রকল্পে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) ভাসমান কৃষিভিত্তিক আধুনিক প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে প্রয়োজনীয় গবেষণা কার্যক্রম পরিচালনা করবে। অন্যদিকে বাংলাদেশে খাদ্য ও পুষ্টি নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে শাকসবজি ও মসলাজাতীয় ফসলের উৎপাদন বাড়ানোর জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) বারি কর্তৃক উদ্ভাবিত লাগসই উন্নত প্রযুক্তিসমূহ প্রকল্প এলাকার কৃষকদের মাঝে সম্প্রসারণ করবে।

### ভাসমান বেডে চাষোপযোগী ফসল

- \* গ্রীষ্মকালীন সময়ে কলমিশাক, লাউশাক, ডাঁকশাক, ডাঁটা, টেঁড়স, বরবটি, ঝিঙা, শসা, করলা, বেগুন, চিচিঙ্গা, মিষ্টিকুমড়া, পুঁইশাক, চালকুমড়া, পানিকচু, হলুদ চাষ করা যায়;
- \* শীতকালীন সময়ে পালংশাক, লালশাক, ধনেপাতা, লেটুস, ফুলকপি, বাঁধাকপি, ওলকপি, ব্রোকলি, মুলা, গাজর, টমেটো, লাউ, শিম, মিষ্টিকুমড়া, বেগুন, স্ট্রবেরি, মরিচ, পেঁয়াজ, রসুন, সরিষা ফসল চাষ করা যায়;
- \* এ ছাড়াও বন্যার কারণে আগামভিত্তিতে লাউ, শিম, মিষ্টিকুমড়া, বেগুন, মরিচ, টমেটো এসব সবজির চারা উৎপাদন করা যায় এবং রোপাআমন ধানের চারা তৈরি করা যায়।

### ভাসমান বেডে বীজ বপনের সময়

- \* জ্যৈষ্ঠ-আষাঢ় মাসে ভাসমান বেড তৈরি করা হলে সে নতুন বেডে টেঁড়স ও ঝিঙা সাথে লালশাক, পুঁইশাক, পানিকচু লাগানো যায়;
- \* আষাঢ়-শ্রাবণ মাসে তৈরি করা নতুন বেডে হলুদ লাগানো যায়;
- \* শ্রাবণ-ভাদ্র মাসে টমেটো, বেগুন ও ওলকপির চারা লাগালে কার্তিক-অগ্রহায়ণ মাসে আগাম ফসল তোলা যায়;
- \* কার্তিক-অগ্রহায়ণ মাসে আগাম ভাসমান বেডে মরিচের চারা লাগানো যায়;
- \* সারা বছরই ভাসমান বেডে লালশাক ও গিমা কলমি চাষ করা যায়;
- \* ভাসমান বেডে সারা বছর ফসল চাষ করা যায়। এটাই ভাসমান পদ্ধতিতে সবজি চাষের সবচেয়ে সুবিধা।

### ভাসমান বেডে চারা উৎপাদন

একটি ভাসমান বেডের দৈর্ঘ্য ১৫ মিটার, চওড়া ১.২৫ মিটার এবং উচ্চতা ১.২৫ মিটার হলে পরিচর্যা ও ফসল সংগ্রহে সুবিধে হয়। সাধারণত বড় আকারের বীজ যেমন-লাউ, মিষ্টিকুমড়া, শিম, বরবটি, করলার চারা তৈরি করে ভাসমান বেডে রোপণ করতে হয়। টোপাপানা, পচা কচুরিপানা, কচুরিপানার শিকড় দিয়ে বল তৈরি করা হয়। এ বলের মধ্যে বিভিন্ন সবজির বীজ পুঁতে মাচানে বা শুকনো জায়গায় রাখা হয়। এ বলের মধ্যে বিভিন্ন সবজির বীজ পুঁতে মাচানে বা শুকনো জায়গায় রাখা হয়। এর আগে পানিতে ভিজিয়ে বীজ অংকুরিত করা হয়। অংকুরোদগম ত্বরান্বিত করার জন্য বীজের আকারভেদে বীজ পানিতে ০৫-২০ ঘণ্টা ভিজিয়ে রাখতে হয়। এরপর কাঠি দিয়ে বলের মধ্যে ছিদ্র করে ২টি বীজ দিতে হয়। এসব বল উঁচু জায়গায় লাইন করে ৫ থেকে ৭ দিন রেখে দিতে হয়। চারায় ২টি পাতা হলে চারাগুলো ভাসমান বেডে স্থানান্তর করা হয়। ভাসমান বেডে স্থানান্তরের ৫ থেকে ৬ দিন পর চারায় পরিচর্যা করতে হয়। এ সময় ভাসমান বেডের নিচের কচুরিপানার মূল্য বা শ্যাওলা বলের গোড়ায় বিছিয়ে দেয়া হয়। এখানেই ধীরে ধীরে জমির পানি আর বেডের রোপণ করার ২০ থেকে ২৫ দিন পর মূল জমিতে রোপণের উপযোগী হয়।

### ভাসমান বেডে সবজি উৎপাদন

ভাসমান বেডে একক বা মিশ্রফসল চাষ করা যায়। তবে মিশ্রফসল চাষ করা বেশি লাভজনক। ক্ষুদ্র ক্ষুদ্র বীজ সরাসরি বেডে ছিটিয়ে বা লাইনে বপন করা যায়। আদা, হলুদ, আলু, কচু ফসলের কন্দ সরাসরি বেডে রোপণ করা যায়। আবার চারা তৈরি বেডে আবাদ করা যায়। বেশি ফলন পাওয়ার জন্য ভাসমান বেডে টেঁড়স, টমেটো, বেগুন, কলমিশাক ফসলের সাথে আন্তঃফসল ও মিশ্র ফসল হিসেবে ঝিঙা, ধুন্দুল, লালশাক, পুঁইশাক, ধনিয়া, ডাঁটা চাষ করা যায়। ভাসমান বেডে সবজি ও মসলা চাষে সারের তেমন প্রয়োজন হয় না। কারণ তৈরিকৃত বেডটি একটি উন্নতমানের কম্পোস্টে পরিণত হয়। তবে চারার বাড়বাড়তি কম হলে অল্প মাত্রায় ইউরিয়া সার পানিতে মিশিয়ে পাতায় স্প্রে করলে ভালো হয়।

### ফসল সংগ্রহ ও ভাসমান বেডের ব্যবহার

ফসল সংগ্রহ করার জন্য ভাসমান বেডের ওপর উঠা উচিত নয়। এ কাজে ছোট নৌকা বা ভেলা ব্যবহার করা উচিত। ফসলের ধরন ও প্রয়োজন বুঝে সপ্তাহে ২-৩ দিন ফসল তুলতে হয়। স্থানীয় বাজারের চাহিদা অনুযায়ী ভাসমান বেডে ফসল বপন/রোপণ করতে হয় ও সময় মতো ফসল তুলে বাজারে বিক্রি করতে হয়।

ভাসমান বেড তৈরির সময় বেড বেশি পুরু করলে অথবা বেড তৈরির সময় নিচে বাঁশ ব্যবহার করলে পরবর্তীতে ফসল তুলতে বিশেষ সুবিধা পাওয়া যায় এবং একই বেডে বেশি দিন ফসল চাষ করা যায়। সাধারণত ১/২ মৌসুমে বা যতদিন পর্যন্ত এ ভাসমান বেড সবজি চাষের উপযুক্ত থাকে ততদিন সবজি ও মসলা চাষ করা যায় এবং চারা উৎপাদন করা যায়। মৌসুম শেষ পানির স্তর নেমে যাওয়ায় বেড যখন মাটির উপর বসে যায় তখন তা ভেঙে জমিতে মিশিয়ে কোনো প্রকার চাষ, মই, সার ছাড়াই সফলভাবে শীতকালীন শাকসবজি ও মসলা উৎপাদন করা যায়। এ ছাড়া মৌসুম শেষে পচা কচুরিপানা ফল গাছের গোড়ায় সার হিসাবে ব্যবহার করে ফলের উৎপাদন বাড়ানো যায়।

## টিস্যু কালচার চারায় জি-৯ কলা চাষ

‘গ্র্যান্ড নাইন’ (জি৯) এক ধরনের সাগর কলার মতোই উন্নত জাতের কলা যা সম্প্রতি বাণিজ্যিকভাবে বিভিন্ন দেশে জনপ্রিয় হয়ে উঠেছে। গ্র্যান্ড নাইন একটি ক্যাভেভিডজাতীয় কলা যার প্রজাতি *Musa acuminata* চিকিতা ব্যান্ড ইন্সট্যানশনালের একটি অন্যতম প্রধান বাণিজ্যিক জাতের কলার কারণে এক অনেকে ‘চিকিতা ব্যানানা’ নামেও ডাকেন। ফরাসি ভাষায় ‘Grand Nain’ বা ‘Grand Naine’ কলার আভিধানিক অর্থ Large Dwarf বা বৃহৎ বামন। এর গাছ জায়ান্ট ক্যাভেভিডজাতের চেয়ে খাটো, কিন্তু ডোয়ার্ফ ক্যাভেভিডজাতের গাছের চেয়ে লম্বা। ভারতে ইসরায়েল থেকে ১৯৯৫ সালে জি-৯ কলা আনা হয়, সে দেশে প্রতি বছর গড়ে প্রায় ৫০ লাখ জি-৯ টিস্যু কালচার চারা উৎপাদিত ও রোপিত হয় যা মোট কলাচাষের প্রায় ১৭%।

বাংলাদেশে এ জাতের কলার চাষ শুরু হয়েছে। সরকারিভাবে মাদারীপুর হার্টিকালচার সেন্টারে জি-৯ কলার টিস্যু কালচার চারার উৎপাদন ও বিক্রি করা হচ্ছে। উচ্চফলন ও অধিক সংরক্ষণকালের কারণে অনেকেই এখন জি-৯ জাতের কলা চাষে আগ্রহী হয়ে উঠেছেন। এ জাতের কলার চারা উৎপাদিত হয় টিস্যু কালচারের মাধ্যমে। সনাতন প্রথায় প্রচলিত জাতের কলা চাষ করতে গেলে রোগমুক্ত চারা সহজে মেলে না। কিন্তু টিস্যু কালচারের চারা সম্পূর্ণভাবে রোগমুক্ত। এক একরে এ জাতের কলা চাষে প্রায় ৩ লাখ টাকা লাভ হয়।

**জি-৯ কলার বৈশিষ্ট্য :** এ জাতের কলার ফলন বেশি, সুস্বাদু ও রোগ প্রতিরোধী। একটি গাছ থেকে সর্বোচ্চ ৩০ কেজি বা ২২০-২৪০টি কলা পাওয়া যায়, সেখানে প্রচলিত জাতের কলা পাওয়া যায়। গাছ মাঝারি আকারের (২ মিটার লম্বা) ও শক্ত হওয়ায় ঝড়-বাতাসে সহজে ভেঙে পড়ে না। এমনকি এ জাতের কলা জলবায়ু পরিবর্তনের অভিঘাতসহনশীল গাছ থেকে কলা পাড়ার পর তুলনামূলকভাবে এই কলা বেশি দিন টিকে থাকে বা নষ্ট হয় না। কাঁদির প্রথম থেকে শেষ পর্যন্ত সবগুলো কলার আকার এক রকম হয়। পাকা কলার রং আকর্ষণীয় হলুদ, লম্বা ও কম বাঁকানো, কলার গায়ে কোনো দাগ পড়ে না। এসব কারণে বিশ্বব্যাপী ‘জি-৯’ জাতের কলার ব্যাপক চাহিদা রয়েছে।

**টিস্যু কালচার চারা উৎপাদন :** (ক) ল্যাবরিটরিতে টিস্যু কালচার চারা উৎপাদন : সারা বিশ্বে জি-৯ জাতের কলা সবচেয়ে বেশি চাষ করা হয়। চাষকৃত এ জাতের কলার বিপুল পরিমাণ চারা টিস্যু কালচার পদ্ধতিতে উৎপাদন করা হয়। টিস্যু কালচার বা কোষকলা আবাদ উদ্ভিদ বংশবিস্তারের একটি পদ্ধতি, যেখানে বীজের পরিবর্তে কোনো উদ্ভিদের এক বা একাধিক কোষগুচ্ছ থেকে জীবাণুমুক্ত পরিবেশে আবাদ মাধ্যমে চারা উৎপাদন করা হয়। কলাগাছের কন্দ বা করম, সাকার বা তেউড়, অসি তেউড় বা সোর্ড সাকার সাধারণত রোপণ দ্রব্য হিসেবে লাগানো হয়। এর পরিবর্তে চারা উৎপাদনের জন্য গাছের কোষ বা টিস্যু ব্যবহার করা হয়। সুস্থ, নীরোগ ও উন্নতমানের পরীক্ষিত মাতৃকলাগাছের কোষ বা মেরিস্টেম নিয়ে অত্যাধুনিক ল্যাবরেটরিতে কৃত্রিম উপায়ে নিয়ন্ত্রিত পরিবেশে টেস্ট টিউবের মধ্যে কলার টিস্যু কালচার চারা উৎপাদন করা খামারজাত সার, ১০০-১৫ গ্রাম টিএসপি, ১০০-১৫০ গ্রাম এমওপি, ৫০ গ্রাম জিপসাম ও ১০ সাথে গর্ত প্রতি ২৫০ গ্রাম নিম খইল ও গ্রাম দানাদার কীটনাশক (কার্বফুরান জাতীয়) দিতে পারলে উপকার হয়, এতে মাটিতে কৃমি থাকলে সেগুলো নিয়ন্ত্রণ করা যায়। গর্তের মাটি হালকা পানি দিয়ে ভিজিয়ে দিতে হবে।

**চারার রোপণের সময় :** বছরের যে কোনো সময় এ কলার চারা রোপণ করা যায়। তবে ডিসেম্বর থেকে ফেব্রুয়ারি মাস পর্যন্ত চারা রোপণের জন্য সবচেয়ে ভালো সময়।

**চারার হার :** এক একর ঘেরের চারদিকের পাড়ে রোপণের জন্য প্রায় ৪০০ থেকে ৫০০টি চারা লাগবে। একক বাগান আকারে মাঠে এ কলার চাষ করলে ১ একর জমিতে ১৪০০ থেকে ১৫০০টি চারা রোপণ করা যায়।

**চারার রোপণ :** পলিব্যাগে জন্মানো টিস্যু কালচারের চারা রোপণ করতে হবে। পলিব্যাগ কেটে ফেলে দিয়ে চারা গর্তের মাঝখানে লাগাতে হবে। রোপণের পর গর্তে সেচ দিতে হবে। চারার ওজন ৫০০ গ্রাম থেকে ১ কেজি হলেই তা রোপণের উপযুক্ত বলে বিবেচনা করা হয়। পলিব্যাগ বা ট্রেতে উৎপাদিত চারার বয়স ১ মাস হলে তা রোপণ করা যায়।

**সার ও সেচ প্রয়োগ :** সম্পূর্ণ পরিমাণ গোবর, টিএসপি, জিপসাম, জিংক সালফেট এবং বোরিক এসিড এবং অর্ধেক এমওপি সার গর্ত তৈরির সময় মাটির সাথে প্রয়োগ করতে হবে। গাছপ্রতি ৭৫ গ্রাম ইউরিয়া ও ৫০ গ্রাম এমওপি সার চারা রোপণের ২ মাস পর থেকে ২ মাস পর পর ৩ বারে এবং ফুল আসার পর আরও একবার গাছের চারপাশে মাটির সাথে মিশিয়ে দিতে হবে। সার দেয়ার সময় জমি হালকাভাবে কোপাতে হবে যাতে শিকড় কেটে না যায়। জমির আর্দ্রতা কম থাকলে সার দেয়ার পর পানি সেচ দেয়া একান্ত প্রয়োজন। গর্তের মাটি শুকিয়ে এলেই সেচ দিতে হবে।

## এম ডি-২ আনারস

‘সুপার সুইট’ খ্যাত এম ডি-২ আনারস বিশ্ব বাজারে অত্যধিক চাহিদাসম্পন্ন অল্প মধুর মিষ্টতায় (১৪% বিস্ক), ফলের শেফ লাইফ ৩০ দিন, সুস্বাদু, পুষ্টিগুণ ও মনোমুগ্ধকর সুবাস সমৃদ্ধ ফল। আনারস হজমে সহায়তা করে, রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে, রক্ত তরল করার প্রক্রিয়াকে ত্বরান্বিত করে।

আমাদের দেশের প্রচলিত জাত থেকে এ জাতে ভিটামিন কে, ফসফরাস, জিঙ্ক ও ক্যালসিয়াম বেশি। এ জাতটি দুরারোগ্য জ্বপিণ্ডের রোগ, ডায়াবেটিস, কিছু কিছু ক্যানসারের ক্ষতির মাত্রা কমাতে সাহায্য করে। আনারসের উপস্থিত ব্রোমিলিন হজমে সহায়তা করে। এ জাতে বিরোধী প্রদাহজনক উপাদান রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। এক খণ্ড (১৬৫ গ্রাম) আনারসে আছে : ক্যালরি-৮২.৫, ফ্যাট-১.৭ গ্রাম, প্রোটিন-১ গ্রাম, কার্বস ২১.৬ গ্রাম, ফাইবার ২.৩ গ্রাম, এ ছাড়া রিকমেভড ডায়াটির ইনটেক অনুযায়ী ভিটামিন সি- ১৩১%, ম্যাঙ্গানিজ-৭৬%, ভিটামিন বি৬-৯%, কপার-৯%, থায়ামিন-৯%, ফোলেট-৭%, পটাশিয়াম ৫%, ম্যাগনেসিয়াম- ৫%, নিয়াসিন-৪%, প্যানথেনিক এসিড-৪%, রিবোফ্লাভিন-৩%, আয়রন-৩%।

**কোনো এম ডি-২ জাত :** তুলনামূলক বিচারে এম ডি-২ জাতের জনপ্রিয়তার উল্লেখ করার মতো কারণ রয়েছে। শুধুমাত্র ব্যতিক্রম জাতই নয়, তুলনামূলকভাবে চাষ প্রণালীও সহজ। এ জাতে প্রচুর পরিমাণে ভিটামিন সি আছে। আনারসের অন্যান্য জাত থেকে এর শেফ লাইফ বেশি। এ জাতের মুকুট ভাসা থাকায় ভক্ষণশীল অংশের পরিমাণ বেশি থাকে। প্রাকৃতিকভাবেই এ জাত রোগ প্রতিরোধী ও মানবদেহে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। সাকারের আকার অনুযায়ী ১২ থেকে ১৬ মাসে উৎপাদন হয় সাকার উৎপাদন ক্ষমতা বেশি। বৃষ্টির পানি ছাড়া অতিরিক্ত সেচের প্রয়োজন হয় না। এ জাতের ফলন প্রচলিত জাত থেকে দ্বিগুণ হয়ে থাকে।

**মাটি :** সুনিকাশিত দোঁ-আশ, বেলে দোঁ-আশ মাটি এ জাতের আনারসের জন্য উপযোগী। অল্প মাটি বেশি ভালো। উপযুক্ত পিএইচ হলো ৫.৬-৬।

**জমি তৈরি :** আনারসের জন্য গভীর চাষের প্রয়োজন হয়। পাহাড়, ঢিলা, উঁচু যেখানে বৃষ্টির পানি দাঁড়ায় না সেখানে বেড থেকে বেডের দূরত্ব ৩০"; সারি থেকে সারির দূরত্ব ১৮" এবং চারা থেকে চারার দূরত্ব ১৫"।

**সারের পরিমাণ :** জমির উর্বরতা শক্তি অনুসারে সারের পরিমাণ কম বেশি হতে পারে। খামারি অ্যাপস অনুযায়ী হেক্টর প্রতি অনুমিত মাত্রা পচা গোবর ২ টন, ইউরিয়া ৪১৩ কেজি, টিএসপি ৬৩ কেজি, এম ও পি ২৫০ কেজি, জিপসাম, ২০ কেজি, জিংক সালফেট ৬ কেজি।

**রোপনের সময় :** বর্ষার পর অক্টোবর-মার্চ পর্যন্ত আনারস রোপণ করা যায়। তবে অক্টোবর-নভেম্বর মাস চারা রোপণের উপযুক্ত সময়।

**মুড়ি ও সাথী ফসল চাষ :** আনারস চাষে অন্যান্য ফসলের থেকে আরেকটি লাভ মুড়ি ফসল চাষ। অন্যান্য জাতের মতো এ জাতের সাথেও মুড়ি ফসল হিসেবে চাষ করা যায়।

**ফলন :** ফলন গড়ে ৩০-৪০ মেট্রিক টন/হেক্টর। তবে উপযুক্ত যত্ন নিলে ফলন ৬০-৬৫ মেট্রিক টন/হেক্টর হতে পারে।

আনারস উৎপাদনের সাথে বাজার ও প্রক্রিয়াজাতকরণে অসামঞ্জস্যতার কারণে বাংলাদেশে ভালো বাজার তৈরি হচ্ছে না। আনারস বাংলাদেশের অতি জনপ্রিয় ফল। দেশের পার্বত্য অঞ্চলে এবং টাঙ্গাইল জেলার মধুপুরে ব্যাপক আনারসের আবাদ হয়ে থাকে। তবে আমাদের বিদ্যমান জাতসমূহ রঙানিমুখী নয়। টেকসই কৃষিকে বেগবান করতে এম ডি-২ জাতের চাষ করা গেলে এদেশের আনারস চাষে বৈপ্লবিক পরিবর্তন আনা সম্ভব হবে।

## আধুনিক কৃষিতে জিআইএস ও রিমোট সেন্সিং প্রযুক্তির ব্যবহার (ই-কৃষি)

ফসল উৎপাদন পরিসংখ্যানের নিয়মিত আপডেট তৈরি এবং টেকসই কৃষি অর্জনের লক্ষ্যে ইনপুট প্রদানের জন্য জিওস্পেশিয়াল প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে জমিভিত্তিক পর্যবেক্ষণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সরকার কর্তৃক বিভিন্ন নীতিমালা গ্রহণ বা কৃষি সংক্রান্ত জাতীয় সমস্যাগুলো মোকাবিলা করার সিদ্ধান্ত নিতে জিআইএস ও রিমোট সেন্সিং প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (জিআইএস) এবং রিমোট সেন্সিং প্রযুক্তি সঠিক সিদ্ধান্ত গ্রহণ, সম্পদের সর্বোচ্চ ব্যবস্থাপনা নিশ্চিতকরণ এবং কৃষি উৎপাদনশীলতা বৃদ্ধির জন্য মূল্যবান তথ্য প্রদান করে আধুনিক কৃষি রূপান্তরে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। জিআইএস কোন স্থানের অবস্থানগত তথ্যের সাথে সেই স্থানের পরিমাণগত এবং গুণগত বিভিন্ন তথ্যকে একত্র করে মানচিত্র এবং চার্টের মাধ্যমে তথ্য প্রদর্শন, বিশ্লেষণ এবং প্রতিবেদন তৈরি করতে সহায়তা করে। জিআইএস তথ্য/ডেটা সবচেয়ে গ্রহণযোগ্য, নির্ভুল এবং ব্যবহারকারীবান্ধব। কোনো একটি নির্দিষ্ট ফসল উৎপাদনের জন্য সঠিক স্থান নির্বাচনে সমস্ত তথ্যকে একটি একক প্ল্যাটফর্মে নিয়ে আসার মাধ্যমে জিআইএস সহায়ক ভূমিকা পালন করে থাকে।

রিমোট সেন্সিং হলো কোন বস্তুকে সরাসরি স্পর্শ না করে সেই বস্তু বা ঘটনা সম্পর্কে তথ্য সংগ্রহ করার একটি প্রক্রিয়া। রিমোট সেন্সিং থেকে সংগৃহীত তথ্যগুলো জিআইএস এ সন্নিবেশনের মাধ্যমে এটি ফসল এবং কৃষি কৌশল সম্পর্কে সিদ্ধান্ত নিতে একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে কাজ করে।

জিআইএস এবং রিমোট সেন্সিং প্রযুক্তি কৃষি বাস্তবায়নে সহায়তা করে। মাটির ধরন, আর্দ্রতার মাত্রা, তাপমাত্রা এবং ফসলের স্বাস্থ্যের তথ্য সংগ্রহ করে কখন এবং কোথায় রোপণ করতে হবে, সেচ দিতে হবে এবং সার বা কীটনাশক প্রয়োগ করতে হবে সে সম্পর্কে কৃষকরা সিদ্ধান্ত নিতে পারবেন। এটি ফসল উৎপাদনের জন্য নির্দিষ্ট জায়গায় নির্ধারিত পরিমাণে পুষ্টি উপাদান এবং পানি প্রয়োগের



মাধ্যমে পুষ্টি উপাদান ও পানি ব্যবস্থাপনায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। স্যাটেলাইট এবং ড্রোন কৃষি জমি থেকে সময়মতো উচ্চ-রেজুলেশনের ইমেজ (ছবি) প্রদান করতে পারে। এই ইমেজগুলো একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর ফসলের স্বাস্থ্য পর্যবেক্ষণ, রোগ, কীটপতঙ্গ এবং পুষ্টির ঘাটতি শনাক্ত করতে এবং শস্য ব্যবস্থাপনা করার জন্য ব্যবহার করা হয়। এ ছাড়াও গুরুত্বপূর্ণ যেমন মাটির আর্দ্রতা, রোপণের তারিখ, বাতাসের তাপমাত্রা, দিনের দৈর্ঘ্য এবং মাটির অবস্থা সম্পর্কে ধারণা প্রদান করতে সহায়তা করে থাকে।

সংক্ষেপে, সারা বিশ্বে জিআইএস এবং রিমোট সেন্সিং প্রযুক্তি আধুনিক কৃষিতে অপরিহার্য হাতিয়ার হয়ে উঠেছে। কৃষক এবং কৃষি স্টেকহোল্ডারদের তথ্যনির্ভর সিদ্ধান্ত নিতে, উৎপাদনশীলতা বৃদ্ধি, সম্পদ সংরক্ষণ এবং ঝুঁকি হ্রাস করতে সক্ষম করে, যা কৃষি খাতকে টেকসই এবং লাভজনক কৃষিতে রূপান্তরে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

## খামারি মোবাইল অ্যাপ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) কর্তৃক টেকসই কৃষি উৎপাদন ব্যবস্থা প্রবর্তনে ফসল জোন নিরূপণের কার্যক্রম কৃষি গবেষণা ফাউন্ডেশন (KGF) এর আর্থিক সহায়তায় বাস্তবায়নাধীন। ক্রমবর্ধমান খাদ্য উৎপাদন চাহিদার বিবেচনায় ফসল উৎপাদন পরিকল্পনা প্রণয়নে ফসল জোনের গুরুত্ব অপরিসীম। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিএআরসি কর্তৃক প্রকাশিত “১০০ কৃষি প্রযুক্তি এটলাস” এর মোড়ক উন্মোচন অনুষ্ঠানে ফসল জোন নিরূপণের প্রয়োজনীয়তা উল্লেখ করে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ সরকারের ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় ক্রপ জোনভিত্তিক ভূমি ব্যবহার পরিকল্পনা এবং উৎপাদন কার্যক্রম পরিচালনা করার বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে।

এরই ধারাবাহিকতায় এরই মধ্যে, ফসল উপযোগিতা নিরূপণ ও ক্রপ জোনিং এর জন্য সংশ্লিষ্ট জিওডাটাবেজ এবং জিওস্পেশাল প্রযুক্তি (জিআইএস, রিমোট সেন্সিং, জিপিএস) নির্ভর অনলাইন ক্রপ জোনিং সিস্টেম প্রস্তুত করা হয়েছে। ক্রপ জোনিং ইনফরমেশন সিস্টেম, খামারি মোবাইল অ্যাপ, ক্রপ জোন ড্যাশবোর্ড ও কৃষি পরামর্শক বাতায়ন অনলাইন ক্রপ জোনিং সিস্টেমেরই অংশ ([www.cropzoning.gov.bd](http://www.cropzoning.gov.bd))। ক্রপ জোনিং-এ মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট কর্তৃক প্রণীত উপজেলা নির্দেশিকায় প্রদত্ত ভূমি ও মাটির বৈশিষ্ট্য ও উর্বরতাজনিত তথ্য এবং বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের জলবায়ুর তথ্য ব্যবহৃত হচ্ছে। ইনস্টিটিউট অফ ওয়াটার মডেলিং অনলাইন ক্রপ জোনিং সিস্টেম তৈরির সংগে সম্পৃক্ত। এ পর্যন্ত ৪৯৫টি উপজেলার মধ্যে ৩৭৬টি উপজেলায় ৭৬টি ফসলের ক্রপ জোনিং সম্পন্ন হয়েছে।

শস্য উৎপাদন বৃদ্ধি, সর্বাধিক আয় নিশ্চিতকরণ সর্বোপরি টেকসই কৃষি উন্নয়নের লক্ষ্যে মাঠ পর্যায়ে কৃষকসহ অন্যান্য উপকারভোগির নিকট উন্নত সেবা প্রদানে ফসল উৎপাদন পরামর্শক হিসাবে ‘খামারি’ মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। এ অ্যাপটি অনলাইন ক্রপ জোনিং ইনফরমেশন সিস্টেমের সংগে সরাসরি যুক্ত এবং এর মাধ্যমে প্রাপ্ত আউটপুট মাঠ পর্যায়ে সহজলভ্য করার উদ্দেশ্যে ‘খামারি’ অ্যাপ তৈরি করা হয়েছে। খামারি অ্যাপটি বাংলায় প্রস্তুত করায় এটি সহজেই বোধগম্য এবং এর ব্যবহার পদ্ধতি কৃষকবান্ধব। নিম্নে খামারি মোবাইল অ্যাপ প্রদত্ত সেবাসমূহ সংক্ষেপে বর্ণনা করা হলো।

\* জমির উপযোগী সঠিক ফসল নির্বাচন, যা উৎপাদনশীলতা বৃদ্ধিতে সহায়ক।

\* মাটির উর্বরতামান অনুযায়ী নিজ জমির অবস্থান এবং ইউনিয়নভিত্তিক ফসল ও ফসল বিন্যাস অনুযায়ী সুষম সার সুপারিশ ও প্রয়োগ পদ্ধতি, যা ফলন বৃদ্ধি এবং মাটির স্বাস্থ্য রক্ষায় সহায়ক।

\* উপজেলা ভিত্তিক উপযোগী ফসল এলাকার পরিমাণ, যা ফসল জোন অনুসারে উৎপাদন পরিকল্পনা প্রণয়নে সহায়ক।

- \* জমির অবস্থানভিত্তিক ভূমি ও মাটির বৈশিষ্ট্য, জৈবপদার্থ, মাটির প্রতিক্রিয়া ও উর্বরতামান সম্পর্কিত তথ্য, যা ফসল আবাদে মাটি ব্যবস্থাপনায় সহায়ক।
- \* কৃষি প্রযুক্তি, ফসলের জাত, ফলন, জীবনকাল বিষয়ক তথ্য, যা ফসল জাত নির্বাচন ও ফসল উৎপাদন ব্যবস্থাপনার জন্য সহায়ক।
- \* ফসল আবাদ ও শস্যবিন্যাস অনুশীলনে লাভের পরিমাণ সম্পর্কে ধারণা লাভ, যা ফসল নির্বাচনে কৃষকের জন্য সহায়ক।
- \* মাটির পুষ্টি উপাদান উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক তথ্য, যা টেকসই ফসল উৎপাদন ব্যবস্থা প্রতিপালনে সহায়ক।

‘খামারি’ মোবাইল অ্যাপ গুগল প্লে-স্টোর হতে সহজেই ডাউনলোড করে ব্যবহার করা যাবে। এ অ্যাপটির বিশেষত্ব হলো নিজ জমিতে দাড়িয়ে তাৎক্ষণিকভাবে সেই জমির জন্য উপযোগী ফসল, সার সুপারিশ, ফসলের মুনাফা, মাটির বৈশিষ্ট্য ও গুণাগুণ ইত্যাদি তথ্য জানা যাবে। এ অ্যাপ হতে প্রাপ্ত তথ্য ব্যবহার করে স্থানীয় পর্যায়ে ফসল উৎপাদন পরিকল্পনা গ্রহণ করা হলে অধিকতর খাদ্য উৎপাদনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সহায়ক ভূমিকা পালন করবে বলে আশা করা যায়। ‘খামারি’ অ্যাপ বাংলাদেশে স্মার্ট কৃষি বাস্তবায়নের অগ্রযাত্রাকে ত্বরান্বিত করবে। মাঠপর্যায়ে ‘খামারি’ মোবাইল অ্যাপ সম্পর্কে অবহিতকরণ ও প্রচলনের লক্ষ্যে এরই মধ্যে ৫৩টি উপজেলায় কৃষি কর্মকর্তা, কৃষক, সার ডিলার ও সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন এবং খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে বাংলাদেশ সরকার কৃষিবান্ধব নীতি অনুসরণ ও বাস্তবায়ন করছে এবং ফলশ্রুতিতে দেশের কৃষকগণ এর সুফল ভোগ করছে। এটা নিশ্চিত যে, ভূমি ও অন্যান্য প্রাকৃতিক সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি, আর্থিক লাভ, কৃষকের জীবনযাত্রার মান উন্নয়ন, সর্বোপরি জাতীয় পর্যায়ে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে ‘খামারি’ মোবাইল অ্যাপ প্রদত্ত তথ্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

**বিভিন্ন ধরনের খাদ্যের পুষ্টি উপাদান**  
(খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রামে)

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যাংশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
<b>দানাদার শস্যজাতীয় খাদ্য</b>														
চাল সিদ্ধ টেকি ছাঁটা	৩৪৮	১২.৬	৭.৬	২.৩	৭২.৪	৩.৮	১০	২.৮	১.৯০	০	০.৬৮	০.২৭	০.০৭	০
ভাত সিদ্ধ টেকি ছাঁটা	১১২	৭২.০	২.৪	০.৭	২৩.২	১.২	৬	১.০	০.৫৮	০	০.২২	০.০৪	০.০২	০
চাল সিদ্ধ কলে ছাঁটা	৩৪৯	১০.৯	৬.৯	০.৩	৭৭.৯	৩.৪	২	০.৭	১.৩৪	০	০.০৮	০.১১	০.০৬	০
চাল সিদ্ধ কলে ছাঁটা	৩৪৯	১০.৮	৭.০৮	০.৩	৭৭.৯	৩.৪	২	০.৭	১.৩৪	০	০.০৮	০.০৯	০.০৬	০
চিড়া	৩৫৬	৯.৯	৬.৫	১.১	৭৯.২	১.৩	২৫	৬.৮	১.৩৬	০	-	০.২১	০.০৫	০
খৈ	৩৮০	৩.৯	৭.১	০.১	৮৭.০	১.৪	১০	০.৭	০.৮৭	০	০.১০	০.২১	০.২৭	০
মুড়ি	৩৬১	৭.৩	৬.৭	০.১	৮২.৭	১.৪	৯	০.৭	০.৮৪	০	০.১০	০.২১	০.১২	০
সুজি, গম	৩৪৬	১২.৮	১০.৯	১.৪	৭০.৬	৩.৯	১৭	১.১	২.১৮	০	০.১	০.১৮	০.০৫	০
আটা লাল	৩৩৪	১২.৩	১১.৩	২.১	৬২.২	১০.৭	৫২	৪.৯	৩.০২	০	০.৭২	০.৪৯	০.১৭	০
আটা সাদা	৩৪৭	১২.২	১০.৬	১.৬	৭০.৩	৪.৪	১৩	৩.৮	১.৫৫	০	০.৪৩	০.১৩	০.০৫	০
ময়দা	৩৪৬	১২.৮	৯.৮	১.০	৭৩.১	২.৭	১৩	২.৭	১.৫৫	০	০.০৬	০.১২	০.০৭	০
<b>ডালজাতীয় খাদ্য</b>														
ছোলার ডাল ভাজা	৩৭৫	১০.৫	২০.২	৬.০	৫৯.২	১.২	৫৬	৮.৮	৩.৩৪	৩	২.৮৮	০.৪৮	০.২৭	টি আর
মাসকলা ই ডাল ভাজা	৩৫০	১০.৫	২২.৬	১.২	৬১.৮	০.৯	৫৩	৩.৩	২.৪৫	৫	১.৯	০.৪২	০.১৮	টি আর
মুগ ডাল ভাজা	৩৫১	৯.৮	২৩.৭	১.২	৬০.৯	০.৭	৬৯	৭.২	২.৭৩	৩	১.৯	০.৩৬	০.১৪	টি আর
খেসারি ডাল ভাজা	৩৫২	৯.৪	২৮.৪	০.৯	৫৬.৫	২.২	৬১	৫.৩	৩.৩৮	৫	০.৫	০.৩৭	০.২১	টি আর
মসুর ডাল	৩১৭	১২.২	২৭.৭	০.৮	৪৩.২	১৩.২	২৩	৫.১	৩.৮৯	৩	০.৩৭	০.৭৭	০.১৩	০
মটর	৩২৭	১১.৭	২২.১	২.১	৪৮.৩	১৩.০	৭৫	৪.৮	৩.৪৯	৩	১.০৪	০.৪৭	০.১৩	টি আর
<b>মসলাজাতীয় খাদ্য</b>														
তেজপাতা	৩৫৩	৫.৪	৭.৬	৮.৪	৪৮.৭	২৬.৩	৮৩৪	৪৩.০	৩.৭০	৩০৯	-	০	০	৪৬.৫
এলাচ	২৬১	২০.০	১০.২	২.২	৩৭.৮	২৪.৪	১৩০	৪.৬	২.৮১	০	-	০.২২	০.১৭	০
শুকনা মরিচ	৩১৩	১০.০	১৫.৯	৬.২	৩৫.২	২৬.৬	১৬০	২.৩	২.৪৮	৭৪৭	১৯.৭১	০.৯৩	০.৪৩	৪৭.৪
দারুচিনি গুঁড়া	২৪৩	১০.৬	৪.০	১.২	২৭.৫	৫৩.১	১০০০	৮.৩	১.৮৩	১৫	২.৩২	০.০২	০.০৪	৩.৮
ধনিয়া	৩৩৬	১১.২	১৪.১	১৬.১	১৩.৪	৪০.৮	৬৩০	১৭.৯	৪.৫৮	০	-	০.২২	০.৩৫	০
আদা	৭২	৮১.১	১.৯	০.৮	১৩.৩	২.০	১৭	১.১	০.৩৬	০	০.২৬	০.০৩	০.০৩	৫
হলুদ	৩৩৫	১১.৫	৬.৯	৮.৪	৪৭.৩	২১.১	১৬৮	৩৩.২	৩.৭৮	১	৩.১	০.০৯	০.১৭	০
<b>সবজিজাতীয় খাদ্য</b>														
ডাঁটা	২১	৯২.৩	০.৯	০.১	৩.৭	১.২	১১৪	১.৮	০.৫২	২৬	-	০.০১	০.১৮	৩৫.৮
শিম	৫৪	৮৫.০	৩.৯	০.১	৮.৩	২.০	৪৪	১.১	০.৪৮	৩২	০.০৬	০.০৫	০.০১	৮.৭
বেগুন কালো লম্বা	২৪	৯১.৪	১.৯	০.১	২.০	৪.১	২১	০.৪	০.৫৭	৪	০.১০	০.০৩	০.০৭	১.৩
বাঁধাকপি	২৪	৯২.৭	১.৫	০.৩	২.৬	২.৫	৩০	০.৫	০.৪০	৫	০.২০	০.০১	০.০৫	১৬.১
গাজর	৩৪	৮৯.৭	০.৯	০.৩	৬.০	২.৬	২৬	০.৪	০.০৭	৩২৯	০.৫৫	০.০৪	০.০৯	১.৪
ফুলকপি	২৭	৯১.৮	২.৬	০.৩	২.৫	২.০	৩৩	০.৮	০.৪১	১	০.২২	০.০৩	০.০৩	৭২.৭
কাঁচামরিচ	৪৫	৮৫.৮	২.৮	০.১	৫.৯	৪.৭	২২	১.৬	১.৯৭	১০	০.২৯	০.০৩	০.০৫	১০২.৩
শসা	১৭	৯৫.১	০.৮	০.১	২.৯	০.৭	১৩	০.৬	০.১৭	৪	০.০৭	০.১৬	০.০২	৭.২

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
রসুন	১৪৭	৬১৬	৬.৯	০.৬	২৭.৬	২.১	২৫	১.৬	১.০৮	০	০.০৮	০.১৩	০.১২	২৪.১
চাল কুমড়া	১০	৯৬.৫	০.৪	০.১	১.০	১.৭	৩০	০.৮	০.১০	০	-	০.০৬	০.০১	৩১.০
করলা	৩১	৯০.৪	২.১	০.৩	৩.৬	২.৬	১৬	১.৮	০.৩৫	২৪	-	০.০৫	০.০৩	৯০.৬
লাউ	৩৪	৯০.৮	১.১	০.১	৬.৮	০.৬	২৬	০.৭	০.৫৮	১	-	০.১	০.০২	৮.৭
পটল	২৪	৯২.৬	২.০	০.৩	২.২	২.২	১৬	১.৭	০.৪০	৫	-	০.১৭	০.০৩	১৯.৪
চিচিঙ্গা	২৪	৯৩.৪	০.৫	০.৩	৪.৫	০.৮	৩১	০.৪	০.৩২	-	-	০.০৪	০.০৬	১৮.৮
টেঁড়স	৩৯	৮৭.৭	২.১	০.২	৫.৭	৩.১	৯৩	০.৯	০.৩৪	১৯	০.২৭	০.০৪	০.১৬	১৭.৫
পিয়াজ	৫৯	৮৩.৭	১.৪	০.১	১২.২	১.৯	২৪	০.৯	০.৪১	২	০.০২	০.০৫	০.১৪	৪.৫
কাঁচা পেঁপে	৩০	৯০.৬	০.৮	০.১	৫.৭	১.৫	১৫	০.৬	০.২২	১	-	০.০৩	০.০২	১৮.৬
কাঁচা কলা	৭৭	৭৮.৯	২.০	০.৩	১৫.৫	২.৩	২২	০.৬	১.০৮	৫৬	০.১৪	০.৯	০.০৬	৭.৩
মিষ্টিকুমড়া	১৮	৯৩.৯	১.৪	০.৩	১.৩	২.৪	৫২	০.৭	০.১১	৩৬৯	১.০৬	০.০৭	০.০৬	২১.১
কাঁচা টমেটো	২৩	৯৩.৩	১.৯	০.২	২.৫	১.৭	১৬	০.৩	০.১৯	-	০.৩৮	০.০৭	০.০১	৩০.৬
পাকা টমেটো	১৬	৯৫.০	১.১	০.২	১.৪	১.৭	১৩	০.২	০.৪১	৯	০.৫৪	০.০৪	০.০৪	১২.৩
কচুর মুখী	১০৩	৭১.১	২.২	০.২	২১.০	৪.১	৩৫	০.৭	০.২৩	৪	২.৩৮	০.১২	০.০৩	৬.১
গোলআলু (খোসা ছাড়া)	৬৬	৮১.৭	১.২	০.২	১৪.০	২.১	১১	০.৫	০.৭৯	২	০.০২	০.০৮	০.০৯	১৯.১
মিষ্টিআলু (কমলা সুন্দরি)	৯৭	৭৩.৭	০.৯	০.৩	২১.১	৩.০	৩০	০.৬	০.৩০	৭১৯	০.২৬	০.০৮	০.০৬	২৩.০
মিষ্টিআলু (হলুদ)	১০৫	৭১.৭	০.৯	০.৩	২৩.১	৩.০	২৫	১.০	০.১৪	৩	০.২৬	০.০৬	০.০২	২০.৪
মিষ্টিআলু (সাদা)	৯৮	৭৩.৫	০.৬	০.৩	২১.৮	৩.০	২৫	১.৫	০.৩৮	১	০.২৬	০.০৮	০.০৬	২০.৩
<b>বাদাম, বীজজাতীয় খাদ্য</b>														
হিজলী বাদাম	৫৯৫	৫৯৫	১৮.০	৪৬.৯	২৩.৫	৩.৩	৫০	৫	৫.৭৮	১	০.৮৫	০.৬৩	০.১৯	০
নারিকেল (শুকনা)	৬৫২	৬৫২	৫.৬	৬২.২	৮.৫	১৭.৮	৩২	৪.৭	০.৯০	০	১.২৬	০.০৬	০.০২	০
নারিকেল	৩৮৯	৩৮৯	৩.৩	৩৬.৭	৬.৯	৯.২	১৬	২.২	০.৭৪	০	০.৭৩	০.০৫	০.০৪	৩.৩
চীনাবাদাম	৫৮৫	৫৮৫	২২.৫	৪৬.৬	১৪.৮	৮.৫	৭৬	২.৯	৩.৩৯	০	১০.০৯	০.৭৭	০.১২	০
কাঁঠালের বিঁচি	১৫১	১৫১	৫.৬	০.৪	৩০.৪	১.৫	৪০	১.৫	-	০	-	০.২১	০.১১	৮.৬
সরিষা	৫০১	৫০১	২২.০	৩৫.০	১৮.৫	১১.৮	২৫৭	৮.৯	৫.৮৭	১	৫.০৭	০.৬৫	০.২৬	০
পেস্তা	৫৭৪	৫৭৪	১৯.২	৪৪.৯	১৮.২	১০.৩	১১৭	৫.৩	২.২	১৬	২.৩	০.৮০	০.২০	৫.৩
তিল	৫৬৩	৫৬৩	১৭.৭	৪৫.৮	১৪.৩	১১.৭	৯৬৯	১০.৫	৭.৭০	০	২.০০	০.৭৯	০.৩৪	০
<b>শাকজাতীয় খাদ্য</b>														
লালশাক	৩২	৮৮.৮	৪.৫	০.৩	০.৫	৪.২	২৫৬	৬.০	০.৯৬	৭৯৩	-	০.০৩	০.১৩	৪২.০
ডাঁটাশাক	২৫	৯১.০	২.০	০.৩	১.৫	৪.৪	১৭১	৮.৪	০.৯৮	৭৪৩	-	০.০৩	০.১৮	৩৭.১
কালো কচুশাক	৬২	৮১.৮	৫.৬	১.২	৫.৩	৩.৭	৩৯২	২.১	০.৯৮	৬৯৯	৩.৩৬	০.০৬	০.৪৫	৬৩
সবুজ কচুশাক	৫১	৮৪.৭	৪.০	১.১	৪.৪	৩.৭	২৩৫	৪.৯	০.৬৮	৫৯৬	২.০২	০.২২	০.২৬	৪৮.১
পুঁইশাক	২৫	৯১.৮	২.৪	০.৩	২.১	২.২	১১১	২.২	০.৩৫	১৭০	-	০.০২	০.৩৬	৫১.৮
পাটশাক	৩২	৮৭.৬	২.৯	০.৩	১.৭	৫.৮	১২০	৯.৭	১.৪৭	৩০৫	-	০.১	০.৫৫	৫৪.৪
মুলাশাক	৩২	৯০.৭	১.৮	০.৭	৩.৪	২.৬	১৪৭	২.৮	০.৪৮	১৫৬	-	০.০৮	০.০৯	৬৮.৯
পালংশাক	২৬	৯০.৮	৩.০	০.৫	০.৯	২.৯	৯০	২.২	০.৯০	৪০৯	২.০৩	০.০৩	০.০৯	২১.২
কলমিশাক	৪৩	৮৭.১	১.৯	০.৪	৬.০	৩.৭	১০৭	২.২	০.৫১	১৯৯	-	০.১৪	০.৪	৩০.৪
হেলেধগাশাক	৪৯	৮৭.৪	২.০	০.৫	৮.৮	০.৫	৩১	১.৯	০.৫২	৫৩০	১.৪৬	০.০৪	০.১৬	৪৩.০

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থাইয়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
<b>ফলজাতীয় খাদ্য</b>														
আপেল খোসাসহ	৬২	৮৩.৩	০.৩	০.২	১৩.৫	২.৪	৬	০.১	০.০৪	৩	০.১৮	০.০৯	০.০৩	৪.০
নাশপাতি	৬২	৮৩.০	০.৬	০.৩	১২.৩	৩.৬	৬	০.৫	০.০৮	০	০.১২	০.০৩	০.০৩	৩.৮
সাগর কলা (পাকা)	৯৫	৭৫.২	১.৩	০.৮	১৯.২	২.৬	১১	০.৩	০.২৪	২	০.৭৫	০.০৫	০.০৮	১.০
কামরাঙা	৪১	৮৮.৭	০.৫	০.৭	৬.৭	২.৮	১০	০.৮	০.৩৮	৭	০.১৫	০.১২	০.০৪	৪৯.৪
কদবেল	৬৪	৮০.৯	৩.১	০.৪	১০.৩	৩.৫	৭৪	০.৭	০.৩৭	-	-	০.৮০	০.০৩	১২.৮
আমলকী	৪৪	৮৬.৭	০.৮	০.১	৮.৩	৩.৪	৩২	০.৯	০.৩০	১	-	০.০২	০.০৮	৪৫৩.৪
আঁড়ুর (হালকা সবুজ)	৯৪	৭৫.৩	০.৫	০.৬	২০.২	২.৯	২২	০.৫	০.০৭	৩	০.৪০	০.১০	০.০৬	২৯.০
পেয়ারা (বিভিন্ন প্রকার কাঁচা)	৬৩	৮১.৪	১.০	০.৫	১০.৯	৫.৪	১৭	০.৭	০.৩১	৩৩	০.৭৩	০.২১	০.০৯	২২৮.৩
আমড়া	৫১	৮৬.৭	১.১	০.৮	৮.৯	১.৬	৫৭	২.৮	০.১৭	-	-	০.২৮	০.০৪	৭৭.০
কাঁঠাল (পাকা)	৭৪	৭৭.০	১.২	০.২	১৩.৩	৭.২	১৩	০.৩	০.৫৯	২	০.১১	০.১১	০.০৫	৩.৪
কালোজাম	৩৯	৮৮.২	০.৯	০.৫	৬.১	৩.৫	২৩	০.৮	০.২১	৯৩	-	০.০৯	০.০২	৭৪.১
বড়ই	৬০	৮৪.৩	১.৯	০.২	১২.৬	-	১৪	০.৮	০.৩২	২	-	০.০২	০.০৬	৬৬.১
কাগজি লেবু	৫৬	৮৬.০	০.৮	১.০	১০.২	১.৩	৬৫	০.৩	০.০৭	৪	০.৮০	০.০২	০.০৩	৪৫.৯
লিচু	৬২	৮১.৮	১.৪	০.৫	১০.২	৫.৫	১১	০.৫	০.২৭	০	-	০.০২	০.০৬	১১.০
ফজলি আম (পাকা)	৭০	৮১.৭	০.৯	০.৫	১৪.৭	১.৬	১৪	০.৫	০.৮৭	২৯২	১.১২	০.০৩	০.০৪	৩৪.৭
ল্যাংড়া আম (পাকা)	৮২	৭৮.৪	০.৮	০.৪	১৮.০	১.৬	১৩	০.২	০.৬০	২৫	০.৯২	০.০৯	০.১০	১০৩.০
বাঙি (পাকা)	১৬	৯৫.৫	০.৩	০.২	২.৮	০.৮	২১	টি আর	০.০৬	৪	০.০৭	০.১১	০.০৮	২৬.০
কমলা	৪৪	৮৭.৭	০.৭	০.২	৮.৭	২.৪	২৩	০.২	০.০৭	১৯	০.২৪	০.০৪	০.০১	৫৪.০
পাকা তাল	৭৮	৭৯.৭	০.৫	০.৪	১৭.৮	০.৭	১৬	১.৭	০.২৭	২০৮	-	০.০৪	০.০২	৩৫.১
পেঁপে পাকা	৩৩	৯০.৫	০.৬	০.১	৬.৫	১.৭	২৯	০.৩	০.১৭	৬০	০.৩	০.০৮	০.০৩	৬১.৮
আনারস জলডুগী (পাকা)	৪৩	৮৮.৭	০.৮	০.৪	৮.৩	১.৪	২০	১.৬	০.৬০	-	০.১	০.১১	০.০৪	২০.৯
আনারস (পাকা)	৪৭	৮৭.২	১.০	০.১	৯.৭	১.৪	১৮	০.৭	০.২২	৫	০.১	০.২০	০.১২	৩৩.৯
জামবুরা	৩৮	৮৯.৯	০.৪	০.৩	৭.৭	১.০	৩৬	০.২	০.০৬	৩	০.২৪	০.০৬	০.০৪	১২১.৭
মিষ্টি তেঁতুল (পাকা)	২৭০	২৭.৯	৩.২	০.৪	৬০.৮	৫.১	১২৭	৪.০	০.১১	১	০.০৯	০.৩৫	০.১২	১১.২
তরমুজ (লাল পাকা)	২২	৯৪.২	০.৫	০.২	৪.৪	০.৪	১২	০.৪	০.১৫	২৯	০.০৫	০.০২	০.০৪	২৩.৯
বেল পাকা	১১১	৬৮.৫	২.৯	০.৩	২০.৯	৭.০	৪১	০.৪	০.২৬	-	-	০.০৩	০.০২	১১.৩
<b>মাছজাতীয় খাদ্য</b>														
ফেঁশা	১০৫	৭৪.৮	১৭.৭	৩.৮	০	০	৪৫২	১.৮	৩.২০	১২	০.৪৪	০.০৫	০.২৪	টি আর
সরপুটি	১৭৫	৭০.৬	১৭.৪	১১.৭	০	০	২২৭	০.৬	০.৭৪	-	-	০.০২	০.০৭	টি আর
বোয়াল (কাঁটা ছাড়া)	৮০	৮০.৮	১৫.৪	২.১	০	০	৮৩	০.৮	০.২৭	১	-	০.০৬	০.০৭	টি আর
কাতলা	১০৩	৭৬.৭	১৯.৯	২.৬	০	০	৫৩০	০.৬	০.৪৮	৩	-	০.০৮	০.০৯	টি আর
কই (দেশি)	১৩০	৭৩.০	১৭.৫	৬.৬	০	০	৪১০	১.২	১.১৩	২১৫	-	০.০৩	০.১৮	টি আর

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-পি (মি. গ্রাম)
<b>মাছজাতীয় খাদ্য</b>														
কই (থাই)	১৩৯	৭৩.০	১৭.৫	৭.৭	০	০	৬৪	১.২	১.১৩	২১৫	-	০.০৩	০.১৮	টি আর
টেংরা (বিভিন্ন প্রজাতি)	১১৪	৭৩.৬	১৮.২	৪.৬	০	০	৬২৭	২.৮	০.৭৭	৪৩	-	০.০১	০.০৪	টি আর
কাঁচকি (বিভিন্ন প্রজাতি)	৯৩	৮০.৪	১৬.১	৩.২	০	০	৪৮৯	২.৪	৩.১০	৩৮	০.৭৭	০.০৩	০.০৫	টি আর
গুলশা	৮৬	৭৮.৬	১৫.৪	২.৭	০	০	৩০০	১.৩	০.৮৮	-	-	০.০১	০.০৩	টি আর
হিলিশ (কাঁটা ছাড়া)	২২৩	৬২.৭	১৮.০	১৬.৮	০	০	৮৬	১.৩	০.৫৪	-	-	০.১২	০.১৪	টি আর
আইড় (কাঁটা ছাড়া)	১০৮	৭৭.৫	১৭.১	৪.৪	০	০	১১	০.৯	০.২৩	-	-	০.০৭	০.০৮	টি আর
মলা	১৬২	৭০.৮	১৫.৯	১১.০	০	০	৭৬৭	৩.৮	৩.১৯	২৬৮০	-	-	-	টি আর
পাংগাস (কাঁটা ছাড়া)	১০২	৭৪.৮	২০.৯	২.০	০	০	১৪	০.১	১.৮৫	৫	-	০.১৫	০.০৬	টি আর
চিংড়ি (গলুদা)	৭৫	৭৯.৯	১৭.৬	০.৬	০	০	১৮	০.৭	১.২৫	২	-	-	-	টি আর
চিংড়ি	৯০	৭৬.৭	১৬.৬	২.৭	০	০	১৫	০.৫	১.০০	১	-	-	-	টি আর
রুই (নদীর)	১০৫	৭৬.৩	২০.৬	২.৬	০	০	৬৫০	১.০	১.১৩	-	-	০.০৫	০.০৭	টি আর
রুই (কাঁটা ছাড়া)	১০১	৭৬.৭	১৭.২	৩.৫	০	০	৩০	০.৪	১.১৩	৪	-	০.৬১	০.১০	টি আর
শিং মাছ (কাঁটা ছাড়া)	১০১	৭৮.৪	১৭.৭	৩.৩	০	০	৩১৯	২.১	০.৫৫	১৬	-	০.০৮	০.০৯	টি আর
শোল (কাঁটা ছাড়া)	১১০	৭৬.২	২০.৮	৩.০	০	০	১০৪	১.০	০.৩১	-	-	০.০৪	০.০৫	টি আর
তেলাপিয়া (কাঁটা ছাড়া)	১৩৯	৭৩.০	১৭.৫	৭.৭	০	০	১৯	০.৫	১.৪০	২	০.৭১	০.৯৭	০.০৯	টি আর
মাগুর (কাঁটা ছাড়া)	১০৩	৭৭.৬	১৫.৬	৪.৬	০	০	২৭	০.৮	০.৫৩	১৫	-	০.০৩	০.০৬	টি আর
<b>মাংসজাতীয় খাদ্য</b>														
গরুর কলিজা	১৩০	৭০.৮	২০.৪	৩.৬	৩.৯	০	৪	৩.৫	৩.৭১	৪৯৬৮	০.৩৮	০.১৯	২.৭৬	১.৩
গরুর মাংস (হাড় ছাড়া)	২০৭	৬৫.৪	১৯.৭	১৪.২	০	০	৫	২.২	৪.৬	১৫	০.৩৫	০.০৫	০.২	০
মহিষের মাংস	৯৫	৭৮.৭	১৯.৪	১.৯	০	০	১২	১.৬	১.৯৩	০	০.০৫	০.০৪	০.২	০
মুরগির বুকের মাংস	১০৬	৭২.৯	২২.৩	১.৮	০	০	১৫	০.৫	১.৭০	২৫	০.১২	০.১২	০.০৭	০
মুরগির রানের মাংস	১২৮	৭১.৯	১৯.২	৫.৭	০	০	১৮	১.০	২.০৯	২৩	০.২৪	০.০৯	০.১২	০
হাঁসের মাংস	১৩০	৭২.৩	২১.৬	৪.৮	০	০	৪	২.৪	১.৯০	২৪	০.০২	০.৩৬	০.৪৫	০
খাসির মাংস	১১৮	৭৪.২	২১.৪	৩.৬	০	০	১২	২.৮	৪.০০	০	০.১৮	০.১১	০.৪৯	০
কবুতরের মাংস	১৩৭	৭০.৪	২৩.৩	৪.৯	০	০	১২	২.৫	২.৯৪	১৮	-	০.২৬	০.২৬	৫.৬

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
<b>ডিমজাতীয় খাদ্য</b>														
মুরগির ডিম (ফার্ম)	১৩৯	৭২.৩	১৪.৫	৯.০	টি আর	০	২৯	১.৫	২.৩৬	১৬৫	০.৮৩	০.১৮	০.৪০	০
মুরগির ডিম দেশি	১৫৮	৭৬.১	১৩.৩	১১.৬	টি আর	০	৬০	১.৭	২.০৩	২১৩	১.২	০.১৮	০.৪০	০
মুরগির ডিমের কুসুম দেশি	৩২৫	৫১.৯	১৬.০	২৭.৮	২.৬	০	১২০	৪.৮	৩.৩৩	৪৯৬	৪.১৬	০.২৩	০.৪৯	০
হাঁসের ডিম	১৮৮	৬৯.৭	১৩.৫	১৪.৩	১.৪	০	৬৫	২.৪	১.৪১	৩৬২	১.৩৯	০.১২	০.২৬	০
<b>দুগ্ধ ও দুগ্ধজাতীয় খাদ্য</b>														
ঘোল	৩৩	৯২.২	৩.৪	০.৭	৩.১	০	১০৩	০	০.৪১	৮	০.০১	০.০৪	০.১৭	০.৭
পনির	৩৪৬	৪০.৩	২৪.৬	২৫.১	৫.৪	০	৭৯০	০.৩	৩.৫৫	২০৫	০.৪৯	০.০২	০.৪৭	টি আর
দই-মিষ্টি	৯৪	৮০.৬	৩.২	৪.০	১১.৪	০	১০৩	০.১	০.৪৫	৩২	০.০৮	০.০৫	০.১৬	১.০
মহিষের দুধ	১০১	৮৩.৩	৩.৮	৭.৫	৪.৭	০	২০৬	০.২	০.২২	৪৭	-	০.০৫	০.২২	১.৭
গুঁড়া দুধ (গরু) ননিসহ	৪৯৭	৩.২	২৬.৬	২৬.৭	৩৭.৫	০	৯৫৯	০.৭	৩.৭১	২৩৮	০.৫৯	০.৩১	১.৩৭	১০.৭
গুঁড়া দুধ (গরু) ননি ছাড়া	৩৫৮	৩.৮	৩৭.৬	১.০	৪৯.৮	০	১৩৭০	১.১	৪.৭	০	০.১	০.৪৫	১.৬৪	৫.০
তরল দুধ (গরু) ননী ছাড়া	৩০	৯২.১	৩.১	০.১	৪.১	০	১০৩	০.১	০.৪৫	০	০.০১	০.০৬	০.২৮	১.০
তরল দুধ (গরু) ননিসহ	৬৩	৮৮.৩	৩.১	৩.৭	৪.৩	০	১০৩	০.১	০.৪৫	৩২	০.০৮	০.০৬	০.২৮	২.০
ছাগলের দুধ	৬৮	৮৭.২	৩.৫	৪.১	৪.৩	০	১৫২	০.২	০.৩	৩২	০.০৩	০.০৫	০.০৯	১.২
শালদুধ (কলস্ট্রাম)	৫৮	৮৮.২	২.০	২.৬	৬.৬	০	২৮	০.১	০.৬০	১৬৬	১.৩০	টি আর	০.০৩	৭.০
বুকের দুধ (মায়ের)	৬৯	৮৭.৪	১.২	৪.০	৭.২	০	৩২	০.১	০.২৬	৫৬	০.৩৪	০.০২	০.০৩	৪.৩
<b>চর্বি ও তেলজাতীয় খাদ্য</b>														
মাখন নোনতা	৭৩৩	১৫.৯	০.৯	৮১	০.২	০	২৪	০	০.০৯	৬৩৩	১.৮৫	০.০১	০.০৩	০
কর্ডলিভার তেল	৯০০	০	০	১০০	০	০	১	০.১	০.০৬	২৫০০	৩০	০	০	০
ঘি-গরুর দুধের	৮৯৮	০.১	০	৯৯.৮	০	০	১	০.২	০.০১	৬৪২	৩.৩১	০	টি আর	০
মেয়োনিজ নোনতা	৭৩২	১৬.৪	১.৫	৮০.৬	০	০	৮	০.৩	০.২৫	৭৩	১৬.৮৭	০.০১	০.০৫	০
সরিষার তেল	৯০০	০	০	১০০	০	০	০	০	০	০	-	০	০	০
পাম তেল	৯০০	০	০	১০০	০	০	০	০	০	০	৩৩.১২	০	০	০
সয়াবিন তেল	৯০০	০	০	১০০	০	০	০	০.১	০.০১	০	১৬.০৬	০	০	০
<b>পানীয় জাতীয় খাদ্য</b>														
ডাবের পানি	২০	৯৪.৫	০.৬	০.৩	৩.২	১.১	২০	০.২	০.১০	০	০	০.০৬	০.০৩	৩.৩
কফি দুধ ও চিনিসহ	৩৮	৯১.৩	০.৯	০.৮	৬.৮	০	৩৩	০.২	০.১২	৭	০.০২	০.০১	০.০৪	০.৩

খাদ্যের নাম	খাদ্যশক্তি (কিলোক্যালরি)	পানি (গ্রাম)	আমিষ (গ্রাম)	চর্বি (গ্রাম)	শর্করা (গ্রাম)	খাদ্যআঁশ (গ্রাম)	ক্যালসিয়াম (মি. গ্রাম)	লৌহ (মি. গ্রাম)	জিংক (মিঃ গ্রাম)	ভিটামিন-এ (মি. গ্রাম)	ভিটামিন-ই (মি. গ্রাম)	থায়ামিন (মি. গ্রাম)	রাইবোফ্লাভিন (মি. গ্রাম)	ভিটামিন-সি (মি. গ্রাম)
কফি পাউডার	৩৫৫	৩.১	১২.২	০.৫	৭৫.৪	০	১৪১	৪.৪	০.৩৫	০	০	০.০১	০.০৭	০
কোমল পানীয়	৪১	৮৯.৬	০	০	১০.৩	০	৬	০.৩	০.০২	০	০	০	০	০
সয়াবিন দুধ চিনি ছাড়া	৫৪	৮৭.৮	২.৮	২.৪	৪.৯	০.৫	১৩	০.৪৩	০.৩	০	০.০৬	০.০৬	০.০৫	০
আখের রস	৩৩	৯১.৭	০.৭	০	৭.৫	০	৮	১.১	০.০১	০	০	০.০৪	টি আর	টি আর
চা দুধ মিশ্রিত চিনিসহ	৪১	৯০.৪	০.৭৩	০.৮	৭.৬	০.২	২৮	০.৪	০.১১	৬	-	০.০১	০.০৪	০.৩
লিকার চা চিনিসহ	২৯	৯২.৪	০.২১	০.০	৭.১	০.১	৫	০.১	০.০৩	০	-	০.০০	০.০১	০
খাবার পানি	০	১০০	০	০	০	০	৩	০.১	০.০০২	০	০	০	০	০
মধু	৩২৬	১৮.২	০.৩	০	৮১.১	০.২	৫	০.৫	০.৪৯	০	০	০	০.০৬	১.৪
মিশ্রিত (পাঁচ মিশালী) জাতীয় খাদ্য														
বেকিং পাউডার	১৭২	৬.৩	৫.২	০	৩৭.৮	০	১১৩০০	টি আর	টি আর	০	০	০	০	০
পান পাতা	৪২	৮৫.৪	৩.১	০.৪	৪.১	৪.৭	২৩০	৭.০	১.০০	-	-	০.০৭	০.০৩	৫.০
সাদা চিনি	৩৯৮	০.৪	০	০	৯৯.৫	০	১২	০.২	০.১০	০	০	০	০	০
গরুর হারিকাবাব	২৩৩	৬০.৪	১২.৭	১৬.৯	৬.৬	১.৮	১১৯	২.২	০.৬৮	০	০.২৪	০.২১	০.৩৪	০
মিষ্টি বিস্কুট	৩৪৪	২৪.৩	৫.৮	১০.০	৫৬.৭	২.৪	৬	০.৪	০.৩৪	০	০.১০	০.০১	০.০১	০.১
বনরুটি/বান/রোল	২৭০	৩৩.০	৮.৮	২.৮	৫০.৯	২.৮	৭	০.৪	০.৫৮	০	০.২২	০.০৪	০.০২	০

উৎস : Food Composition Table For Bangladesh (2014), Institute of Nutrition and Food Science, Center for Advanced Research Science, University of Dhaka.



